



শ্রীযুক্ত ভোলানাথ মুখোপাধ্যায়।

" আপনার মুখ আপনি দেখ " ইত্যাদি লেখক।

মহাশয়

আপনার বিশেষ উদ্যোগে এই "কলিকাতার নুকোচুরি"
থিম থণ্ড মুদ্রিত হওয়াতে এই পুস্তক থানি আপনাকে
পঢ়ৌকন দিলাম। এ থানি ইংরাজী ১৮৯৫ সালে লেথা
ইংটিল, এবং আনার মানস ছিল না যে ছাপা হইবে কিন্তু
কতিপয় বন্ধু ও আপনার যত্নে ছাপা হইল ইহা কৃতজ্ঞতার সহিত
নিকার করিতেছি। আপনি যেমত হিন্দু সমাজের দর্পণ দেখা্রা দেশের উপকার করিষাছেন—আমিও সেই অভিপ্রায়ে এই
র্ণণ স্বরূপ পুস্তক থানি মুদ্রিত করিলাম, যদি ইহা পাঠান্তরে
আমার মর্ম্ম গ্রহণ হয়, তাহা হইলে আমি কৃতার্থ হইব।

দেশের অনিউ যত, মূল সুরা তার।
লোকাচারে হের নরে, করে ব্যভিচার।।
কুসঙ্গে কুনার্গে লোকে, নরে দ্বেষ করে।
বিভূপদ আরাধনে, সব দোষ্ হরে।।

এটেক্টাদ ঠাকুর জুনিয়ার

ভূমিকা।

"কুফৌর দমন হোড়ু শিফৌর পলেন। যুগে যুগে জন্ম লয় যশোদ। নদন।।"

পোর্ট কেনিংকে পোর্ট করিবার জন্য সিলর্ শাহেব আর কিছু বাকি রাখেন নাই—পরে বহু পরিশ্রমে পোর্টকেনিং একটি সহর হইয়া উঠিল, হাট্বাজার বসিয়া গুল্জার হলো—বসতি বাড়িতে লাগিল—জাহাজ আসিতে লাগিল— স্কুতরাং পোর্ট কেনিং সেয়ারের দর দিন২ রুদ্ধি হইয়া উঠিল-এমন কি দশ হাজার টাকা প্রিমি-রমে খরিদ বিক্রর হইতে লাগিল। এমত সময়ে সল্টওয়াটরের নবাব পোর্ট কেনিং সহরে একটি চিড়িয়াখানা করিলেন। দেশ বিদেশ হইতে নানা প্রকার পশু পক্ষিও অন্যান্য দ্বিপদ চতুষ্পদ জানোয়ারের আমদানি হইতে লাগিল; অধিক কি বলিব যাহা ন্যাচুরেল হিসটি তে নাই,ভাহাও ামদানি হলো! বদি পাঠক মহাশয়রা জি-াদা করেন দেটা কি 🤉 উত্তর—"হুতুম পঁটাচা"

সকলেই জানেন, যে কেবল কালপঁটা আর লক্ষাপ্যাচা আছে; কিন্তু এ নবাব ছুহুমপ্যাচা কোথা হইতে আমদানি করিয়াছেন, এই দেখতে লোকে লোকারণ্য হইয়া গেল। চিরস্থায়ী কিছুই নয়! ক্রমে পোর্ট কেনিং হাস হইতে लाशिल, घतार विटक्ष्म रहेशा, सूरेटनात ताम-রাজত্ব হইল, সেয়ারের দর দিন দিন কমতে লাগিল, মোকদ্মা সুরু হলো, ডিবেঞ্চর ডিট 'হলো, এবং নবাবও চিড়িয়াখানার দরভ খুলিয়া দিলেন। ভুতুম পঁয়াচা গোটা ক দাঁড়কাকের সঙ্গে ক্যা, ক্যা, কর তে কর্ কলিকাতার আসিয়া কাশীমিত্রের খাটে বাসা कतिल। निन कडक नजूनर সকলেই দেখতে গেল, অবশেষে ধরা পড়ে আর উড়তে পারলে না। ঈশ্বনত্ত ডানা না হলেতো আব ওড় যায় না; ধার করে তো পুচ্ছ নিয়ে ময়ু হওয়া যায় না? আর যদি হয়, তো সে ব **मिट्नेत जना** ?

ভাল বাসিতাম, এজন্য আমার বন্ধুরা আমার

জাদর করে পাখির যম বল্তেন। আমি এক দিন পোর্ট কেনিং দেখতে গিয়া শুন্লেম যে দেখানে আর পাবি পাওয়া যায় না! নবাব চিড়িয়াখানা নিকেশ করেছেন, সুতরাং পাখি গুলো ছটকে বেরিয়া গ্যাছে, পরে পুনরায় কলি-কাতার আসিয়া শুনিলাম, যে সকল পাখি গুলো স এদেছিল তারা আর একটি নকল পাকমারার ক্বাণে জ্ব> হয়েছে, আমার বাণ বড় আর দরকার দ্রুদরে না, তবে কি করি এই মনে করিয়া লাওয়া-না সে কাগজ নিয়া খানিক ছেলে খেলা করে 🛨 ন্মায়েসদের আকেল্ গুড়ুম্করে দেওয়া যাক, এই চিন্তা করিয়া এই আর্শিথানি (এ বড় মজার দর্লণ-এতে আপনার মুখ আপনি দেখা যায় আর পরের-তো কথাই নাই) আপনাদের সামনে ধরলেম, যদি ইহা দেখে আমাদের সমা-জের উপকার, ও কুচরিত্র সংশোধন হয়, তাহা হইলে আমার শ্রম সফল হইবে।

[ি]অল ফুলস্ডে) জ্ঞীটেক্টাদ ঠাকুর জুনিয়ার। বিদ্যাধরিপুর)

শুদ্দিপত্র।

-:*:--

অশ্রন			শ্রন্থ				গত্ৰাৰূ পংক্তি
বিপরীত	•••	•••	প্রতি	•••	•••	•••	> 9
অগাস্র বা	क्षव व	বুরা	অগাম্বর ব	াবুরা	•••	•••	२ ५ १
ুক্পি	•••	•••	কিয়তাংশ	টুক্রি	¥	•••	0 8
াপুড় হাত	***	•••	তদ্বির	•••	•••	•••	v 🤏
:জাপুত্র	•••	•••	রাজপুত্র	•••	•••	•••	>>@
তেরহাত	•••	•••	তেরোহাৎ	5		•••	< > > %
বিশে হাড়ি	्र ⋯	•••	সন্ত্যাসি ব	ब्यूद	***	•••	٧٠ ٧٥
বিও হাড়ির		•••	সন্থ্যাসি ব	न्सुत्	•••	***	90 >
অস্তানায়	•••	•••	আশ্বানায়	T.	•••	•••	va b
আমলার	•••	•••	মামলার		•••	•••	80 59
बकमिम इर्	তে:ছ		চলিতেছে		***	•••	8 • : c
মাজিদ্টেট	***		নাজিস্ট্রেট	বাঙ্গা	লা ন	া জান	e <8 হ্যা
মকদ্মা	•••	•••	मकक्षमा र	হুতর†	•	•••	63 9
দিলির	•••	•••	ইস্তোর	•••	•••	•••	٠٠. ٤٥ ٠٠٠ ٢
মাজিট্টেট	•••	•••	বাঙ্গালি বি	ভপ ুটি	মাজি	रिष्ट्री	85 5 2
যাইবে	•••	•••	যাইতেছে	•••	•••	•••	8₹ >€
क्रम	•••		क्या	•••	•••	•••	७०, २
স ম্পাতিফী	ত শব	र्वात्र	স্পাতি ক	ত শৰ	वंद्री	411	\$3 2

	শ্রদ		গুত্র'স্কেপ
অশ্ৰন্ধ	ভেশ		गद्धाःक ग
দুঃখিনী …	দুঃখিতা		:
कोद …	… যার	***	&>
আসিতান	থাকিতাম		৭৪.
origin	কারণ	•••	98.
এ খন হই রাছে	এখন সক	ল হইয়াছে	४ २.
যৰা …	যাব	***	৮٩
গোফে …	গৌকে		৮৯
হাজার দুঃখ হ	লেও হাজার ম	नः मधा पू	
মনঃমধ্যে রাত্তে গ	ণ্টা- আমোণ	ৰটী থাকে:	
চার মতন একএব	বার দিনের	বেলা কো	छे द्व वीम
বেকুতেন। আনে	াদটা কোভো	ন, এবং রা	ত্রে গঁ্যা-
খাকে। দিনের		মতন এক	এক বার
কোটবে বাস কো	ত্তেন বেরুতে	ज।	



-1004-

প্রথম অধ্যায়।

"অসং কর্মের বিপরীত ফল"
ধন কিম্বা কার্য্যদক্ষ হইলে কি হয়।
বুকিরা যে নাহি চলে কভু স্থবী নয়।।
দেখে শুনে তরু দেখি, চলে সেই চেলে।
কারে কি বলিব এই দোষে দেশ খেলে।।

আমার নাম গদাধর ঘোষ, বয়দ বিশ বৎসর, ভদ্রবংশীয়, এবং আমার নিবাস। বলাগড়। আমার পিতা পোনেরোকড়ি ঘোষ মৃত্যুকালীন প্রচূর বিষয় রাথিয়া যান, তাহা আমি অল্পা দিনের মধ্যে সব শেষ কোরেচি। স্বর্গীয় পিতা বড় বৈষয়ক এবং বুদ্ধিজীবি ছিলেই, তজ্জন্য তিনি আমাকে, আইন আদালত, হপ্তম পঞ্চম, হাজা সুখা ও মাল ফৌজদারিতে বিশেষ তরিপাত দিয়েছিলেন; কিন্তু তুর্ভাগ্যক্রমে আল্পা

বয়সে আমার বিষয়াশয়ে মন না গিয়া কেবল কুপথগামী হইল। এক্ষণে তাহার এই ফল ভোগ হইতেছে।

ইংরাজী ১৮৬২ সালে পিতার মৃত্যুর পরে কলিকাতায় আসিয়া কিছু দিবস কোম্পানির কাগজ ও হরেক রকম চা ও ব্যাঙ্কের সেয়ার (Bank Share) খরিদ বিক্রয় করিলাম, ও মধ্যেই আফিমের তেজী মন্দীর চিটা খরিদে, দিবসে আহারের সুখ, ও নিদ্রা ত্যাগ হয়েছিল। কথায় वटन, " यांत्र कर्मा তांद्र मार्टि, अन्य कांग्री বাজে" এই ৰূপে ক্ৰমে২ আমি অনেক বিষয়ে জলাঞ্জলী দিয়া বড়বাজারে রুফির খেলায় প্ররন্ত হইলাম, এবং তাহাতেও ঐ ৰূপ ঘটনা হইল। কলিকাতা আজব সহর, পরে আমি পক্ষির দলে ঢুকিয়া সুখ লাভ করিতেছি, এমন সময়ে " সুরাপান নিবারিনী" এক সভা স্থাপন হোলো। তাহাত্রে এক নামকাটা দেপাই, পগাম্বর অগাম্বর বান্ধক, বাবুরা ও আবাল রুদ্ধ বনিতা প্রভৃতি অং,নকেই সভা হইয়া প্লেজ (Pledge) লইলেন। ইহারা দিবসে সভার সভ্য হইয়া সুরাপান নিবারণের জন্য গবর্ণমেন্টে আবেদন করেন, রাত্রে
পুনর্কার আমার সহিত পক্ষির দলে ঢুকিয়া
উড়েন। এ এক রকম মন্দ সুকোচুরি নয়,
কলিকাতার লোকের গুণাগুণ সংক্ষেপে বলা হয়
না। বাহুল্য জন্যই ক্ষান্ত হইলাম।

একদা আমি কতিপয় সঙ্গী সমভিব্যাহারে ব্রাহ্মসমাজে গিয়া দেখিলাম, নব্য ভদ্ধ সভ্য ব্রান্দোরা সকলেই চক্ষু মুদিত করিয়া ঈশ্বরের উপাসনা করিতেছেন, ও প্রধান আচার্য্য যেমত অঙ্গ দোলাইতেছেন অন্য অন্য সাম্প্রদায়ির। টুকুপি (True Copy) করিয়া সেইৰূপ করিতেছে। ভাঁদের ভাবভক্তি দেখে, আমারও মনের মধ্যে একটা ভাবোদয় হইল; "ঈশ্বর কি অঙ্গ না দোলা-ইলে ও চক্ষু মুদিত না করিলে আবিভাব হন না?" আমিত ইহার কিছুই বুঝিলাম না, কা-হাকে যে এ কথা জিজ্ঞাসা করি, নিক্টস্থ এমন এক জনকে দেখিতে পাইলাম না। চারিদিক দৃষ্টিপাত করিতে করিতে আমাদের চারইয়া-

রির দলের অনেককে ঐ দলভুক্ত দেখিলাম। তাঁরা দিবসে যে কার্য্য না করেন, এমত কর্ম্ম নাই ও রাত্রে স্থানবিশেষে পরমহংস হন। কলিকা-তার এও এক রকম মুকোচুরি।

সহরের দোল, ছুর্গোৎসব, চড়ক প্রভৃতি পার্ব্ব-ণের কথা, কথক কথক ছতুমপ্যাচা বোলে গ্যা-চেন, তিনিও যে ভাঁর সে নক্সাতে নাই এমত নহে? ইহা তিনি আপনিই স্বীকার করেচেন। ভুতুম আজকাল যেমত পঁগাচা বলিয়া পরিচিত আছেন, ফলে তাহা ছিলেন না। তিনি এক জন বনেদি ধনাত্য ব্যক্তির সন্তান, আমারই মতন বিপুল বিভবের অধিপতি হইয়া সন্বরেই সর্ব-স্বান্ত করেচেন। তাহার মহত্বতা গুণের পরি-সীমা ছিল না, ভগবান ব্যাসদেব যেমত আপন জন্মবৃত্তান্ত বৰ্ণনে লজ্জিত হন নাই, সেই ৰূপ ছতুম আপনার নক্সাথানিতে আপনার অনেক কথা বলিয়াছেন, তবে লোকালয়ে যে গুলো অত্যন্ত যুগাক্ষর তাহাই বলেন নাই। ভুতুমের নম্মাথানির রচনা চমৎকার কিন্তু বিশেষ স্মরণ

করিয়া পাঠ করিলে মহোদয় টেকচাঁদ ঠাকুরের উচ্ছিফ সংগ্রহই সম্পূর্ণরূপে বলিতে হইবে। আময়া এবং অপর২ পাঠক মহোদয়েরা যাহাকে অনেকেই টেকচাঁদ ঠাকুরের ট্রুকপি (True Copy) বলিয়া থাকি। ইহাও কলিকাতায় এক রকম মুকোচুরি।

ভুতুম পঁ্যাচার নকা প্রচারের সময়েই ডাক্তর বেরেগ্নির হমিওপ্যাথির (Homcopathie) প্রাত্ত-ভাব হইল, কি বড় কি ছোট সকলেই হ্মিও-প্যাথি শিথিতে আরম্ভ করিলেন; এবং দেশেং জেলায়২ এই ঔষধ প্রচার হইয়া আলোপ্যাথির (Allopathy) কম পজিল। এ বিষয়ে আমি অপারদক্ষ বলিয়া বিশেষ বিবেচনা করিতে পারি নাই, কিন্তু বোধ হয় কিছু কাল পরে উক্ত বিষয়ে দেশের মঙ্গল হইতে পারে। হমিও-প্যাথির উন্নতির সঙ্গে সঙ্গে হুতুমের হ্রাস হইতে লাগিল। ইহা অতিশয় আক্ষেপের বিষয়, ছতুম যেমত লোক তাহা পূর্বে একবার বলা হইয়াছে, আমার ন্যায় এক কালীন অনেক

মজা করিয়াছেন। "কাকের মাস কেহ'খায় না, কিন্তু কাক সকলেরই মাংস ভক্ষণ করে"। ছতুমের নক্সা লিখিতে গ্যালে এক খানি স্বতন্ত্র কেতাব হয়, তিনি সর্ব্য গুণালঙ্কুত, হেন সৎকর্ম কি অসৎকর্ম নাই যে তিনি করেননি। মন্দের ভাগই অধিকাংশ, সতের মধ্যে ভারতে মহা-ভারত ভিন্ন আর কেহ কিছু বলতো না। তাতেও কি মুকোচুরি আছে ?

পামরলাল মিত্র বাবু বড় বোনিয়াদী ঘরের দৌহিজ সন্থান। তিনি বাল্যকালাবধি পিতৃ আদর পাইয়া আলালের ঘরের ছলাল ছিলেন। লেখাপড়ায় সরস্থতী কপ্তস্থ, দেখতে কার্ত্তিকের স্থায়, বয়েস তরুণ, পেটটা গণেশের মত, লক্ষ্মী বিরাজমানা, আর বড় খোরচে ছিলেন। তিনি আমাদের চারইয়ারির দলের কাল্ডেন। বাবুর বৈঠকখানা সদা সর্কাদা গুল্জার থাকিত, উইল্সনের খানা ও পেইন্কোম্পানির মদে পরিপুর্ণ, এ কারণ আমাদের গলা অহরহ ভিজান ওউদর পুর্ণ থাক্তো। বাবুর পৈত্রিক বাটা

খানাকুল রুষ্ণনগর, এবং হালসাকিম আহীরী-টোলা। আমার বিষয়াদি নর্ফ হওয়াতে পামর বাবুর এডিক্যাম্প (Aiddecamp) হইলাম। বাবু হাইতুলে তুড়ী দিতে হোতো, ও হাঁচলে জীবো বোল্তে হোতো। আমি চিরকাল বাবুগিরি করিয়াছি, এজন্য আমার বড় কফ বোধ হোলো। "অন্ অভ্যাসের ফোঁটা, কপাল চড্ চড় করে," কিছু কাল পরে বাবু পাঁচুহরি কোম্পানির মুৎ-স্থদি হইলেন, এবং আমি সদরমেট হইলাম, কর্ম্মের মধ্যে আফিসে গিয়ে চাপ্কান খুলিয়া "বাতাস দেরে" বোলে চোদ্দ পো হতেম, ও মধ্যে২ বরফ দিয়া একটু একটু পাকা মাল টান্-তেম্। কর্মকাজ সকলি কেরানি সরকারে কোন্তো, আম্দানী রপ্তানি ক্রমে বেড়ে উট্লো, এবং সাহেবকে প্রচূর টাকা অ্যাডভেন্স (Advance) কোত্তে হইল। সাহেব অতি ভদ্ৰ, কিন্তু বিলাতে মহা অকাল হওয়াতে তুলায় অতিশয় ক্ষতি হইল। সাহেব ইনসল্ভেন্ট (Insolvent)

নিলেন এবং আমরাও পটোল তুল্লাম। . যে

ব্যক্তি কোন বিষয় না জানে তাহার সে কর্ম করা কোন মতে বিধি নয়। আমার এমনি কপাল যে, যাহা কিছু ছুঁয়েছি, তাহাতে ক্ষতি ভিন্ন কথন লাভ হয় নাই।

আমাদের কর্ণোর কিছু লহনা পডাতে, ছোট আদালতে নালিশ করিতে হইল। ছোট আদা-লত বিশেষ অতি জঘন্য স্থান, উপুড় হাত না হলে উপায় নাই। সম্প্রতি জফিশ্ নরম্যান (Justice Norman) সাহেব শাসন করিতে গিয়া "কাটা ঘায়ে মুনের ছিটে দিয়েচেন"। ইহার কি আর উপায় নাই? বড়টাও কিছু কম নয়; আদালত মাত্রেই এইকপ। মুকোচুরি বিস্তর, ধরা ভার।

কলিকাতায় এক এক দিন এক এক ছজুক উঠে। আজ হরিমোহনি হ্যাংগাম, কাল কালী-বাবুর হাড়কালী, পরস্ক চিৎপুরে ইয়ং বেঙ্গলের ঘোড়দৌড়, ও মধ্যে২ কেশব সেনের কেরাঞ্চি গাড়ীর মত লেক্চর (Lecture), তাহার থামা নাই, কেবল ঘড়ঘড়ানি। মাঝে হিপোগ্রিফের লেক্চরের ধূম গেল। সাহেব "ধরি মাছ না ছুঁই পাণী " স্বজাতের গুণানুগুণে চন্দে ধূলা পড়ে, কিন্তু পর নিন্দা, পর পীড়ায় বড় কাতর নন, ইহাকে কি খ্রীফীয় ধর্ম বলে? কলি-কাতার নুকোচুরি কত রকমই আছে!

" অবাক কলি পাপে ভরা "! সময়ে২ কত রকমই দেখুতে পাওয়া যায়; ছঃখের মধ্যে এই কিছুই চিরস্থায়ী থাকে না। ক্রমে অগাম্বর পগাম্বর বাবুরা বড়ঘরের মেম্বর ও পেলার मात প्राना मूर्कूमि, ও नानारन ডित्तकछात् (Director)হলেন। আমারও দেখে শুনে আক্রেল গুড়ুম হোলো। কলিকাতায় বাচ বিচার নাই। ক্রমে রাজা প্রতাপচন্দ্র অকালে কালগ্রামে পতীত হইলেন, রাধাকান্ত রাধার লীলা দর্শনে বৈরাগী হলেন। বাহাছরেদের বাহাছরির সীমা ছিল না। অজাপুত্র ত্বর্ভিক্ষ দূরীকরণের অবৈ-তনীক সম্পাদক হলেন। শিমুলার হবুচন্দ্র গৰুচন্দ্র মিলিয়ে গ্যালেন, আজ কাল তাঁহাদের কথা আর বড় শোনা যায় না। ছতুমের গুরুদাস গুঁই মাথা ছেড়ে বেড়ে উট্লো। পীরের দর-

গায় দিব্বি কীর্ত্তি স্থাপন কোরেচেন। কলি-কাতার সুকোচুরি কোথাও কমী নাই।

ফৌনঘাটার লাট্টুদার বাবু প্রায় কুঁপো-কাত, এখন যে কটা দিন বাঁচ্বেন, কেবল পাঠশালার ছোকরার মত গণ্ডায় এণ্ডা দিয়া সায় দিয়া যাবেন। তিনি একটা পুরানো পাপী, আমাদের সঙ্গে নরক গুল্জার কোর্বেন তা বেশ বোলতে পারি? কলিকাতার বাবুরা প্রায় অনে-কেই নরকে যাবেন, হোমরা, চোমরা, অফবস্থ প্রভৃতি সকলে অগ্রগামী হয়ে খুব গুল্জার কোরে তুলেচেন তাহার সন্দেহ নাই। এখন সে মজার মজলিশে আমরা গিয়ে স্থান পেলে হয়? আমার এইখানে একটা গম্প মনে পড়িল, তাহা না বলিয়া আর থাকিতে পারিলাম না। পুর্ব্বেকার চারইয়ারির দলের ডিশব্যানডেড (Disbanded) একজন মাতাল রাস্তাদিয়ে যাচ্চিল, সেই সময়ে বারেণ্ডা হতে একজন বেশ্চা তাহাকে ব্যঙ্গ ছলে বলিল, "ওরে ব্যাটা মাতাল! তুই মদ থাস! মদ থেলে নরকে যেতে হবে জানিস?

मांडान विनन, "वावा! मनत्थरनई यिन नत्रतक যায়, তবেত নরক আজ কাল ভারি গুল্জার, কলিকাতার বড়২ বাবুরা যাঁরা মদ খেতেন ভাঁরা তবে কোথা গ্যাচেন"? অবিদ্যা কহিল, যিনিং ও কাজ কোরেচেন সকলেই নরকে গ্যাচেন। মাতাল বলিল, তবে সেখানে গেলেমই বা, তাতে দোৰ কি? আমি একাকি স্বৰ্গে গিয়ে কি কোর্বো ? অপর এক জন পথিক যিনি গত রাত্রে ছবোতল ধানেশ্বরির আদ্ধ কোরেচেন, জনান্তিকে বোলে উট্লেন মদেতেই সব উচ্ছন্ন দিলে। কলিকাতার মুকোচুরির কথা আর কত বোলবো।

ক্রমে বিদ্রোহীরা শাসন হইলে, লার্ড কেনিং বিলাত গিয়া খ্রীফপ্রাপ্তি হইলেন। এখানে গুজব্ উটলো, সভু ঠাকুর সিবিল হলেন, রুষ্ণবন্দো কাশী যাবার উদ্যোগ কোলেন, বিহারী লাল প্রসিদ্ধ পাদরি হোলো। আমাদের মলেশ্বরপুরের দাদাঠাকুর হাড়গোড়ভাঙ্গা "দ" হইয়া পড়িলেন। তিনিও পক্ষির দলের এক জন প্রধান, "সময়ে সকলী করে, মণি, ফণি হয়ে দংশে, অমৃত গরলাক্ষরে;" এই এক বুলি ধরিয়া মধ্যে মধ্যে কালাবতি লাগাইতেন। দাদা ঠাকুরের খীড়কির পারের কেন্টা জোলা সভা-পণ্ডিত হইয়া চূড়ামণি কবলাতে লাগ্লেন। বাছার পেটের ভিতরে সরস্থতী হান্মা, হান্মা করে, সংস্কৃতের মধ্যে গোটাকতক "বংশের গাওু মারিশ্রামিঃ" গোচ বোল শিথিয়াছিলেন। এখনকার পণ্ডিতদের মধ্যে প্রায় অনেকেরই বিদ্যা সেই ৰূপ। কলিকাতার অনেকানেক ভট্টাচার্য্যেরা রাতারাতি পণ্ডিত হইয়া চূড়ামণি, শিরোমণি, তর্কলঙ্কার, ন্যারলঙ্কার প্রভৃতি খেতাব বাহির করিয়া চুঁচড়ার সঙ্গের মত বেরোন। এও কলিকাতার মুকোচুরি।

কালাচাঁদ আনাভি মেজেন্টর হইলেন, গঞ্চা-পতি মান্টার এক দাঁড়ি ছুই দাঁড়ি দিয়া কেতাব ছাপাইলেন; দেখে শুনে রমাপতি রাজমহলে পলাইলেন। হাবাতে কালী গাইয়ে হোলো, কন্দর্পদত্তের ঘরে মদ দুকলো, দেখে মাহাতাপ চন্দ্র দারজিলিঙ্গে সর্লেন। জ্ঞানচন্দ্রের দীপ্তি প্রজ্জ্বলিত হোলো, রেলের গাড়ী দিলি যেতে স্বরু হোলো, ও শরতের মেঘেরন্যায় গোটাকতক টোকরে ছোঁড়া, ফোঁটাই ইংরাজী কহিতে আরম্ভ করিল, তাদের মাথা মুণ্ডু কিছু মাত্র জ্ঞান নাই, ইংরাজী কহিতেই অমনি বাঙ্গালা কথা এনে বসে, কিন্তু ইংরাজীও না কহিলে নয়? বাছাদের গুণের পালান নাই!

গোবের মার গোবের চাক্রি হোলো, অুঘোর বস্থ কানা গরু পার করিল, রেতাব দরজী "সমী-রনে তোরা" বোলে বাঞ্চারামের মত খোঁনা আওয়াজে গাইতে লাগ্লো; দেখে দাদাঠাকুর লজ্জায় মাথা হেঁট্ করিয়া বলিলেন, "আমার ছিল যে বাসনা। পোড়া কপাল ক্রমে তা হোলো না" আমিও দেখে শুনে চেড়িয়ে পোড়-লেম। কলিকাতায় সুকোচুরি হদ্দমৃদ্ধ।

দ্বতীয় অধ্যায়।

—:*:<u>·</u>

কলিকাতার নীলেখেলা

পান দোষে কৌতুকানি সহজ সে নয়।
দেখিতে দেখিতে হয়, কত ভাগোনয়।।
বিপদ তাহাতে দেখি ঘটে অনায়াসে।
কারোধন, কারো প্রাণ, কারো জাতি নাশে।

গোপালরাম চুড়ামনি পামর বাবুর সভাপপ্তিত ছিলেন। এক দিবস আমরা সকলে তর্বোনে গেচি এমত সময়ে চুড়ামনি এলেন। পামর বাবু তাহাকে দেখিয়া বলিলেন। মহাশয়! যদি পরস্ত্রী গমন করি, তাহাতে কি কোন পাতক আছে? শাস্ত্রে কোন দোষ না থাক্লে আর মুকোচুরি করিনে। চুড়ামনিটা বেল্লিক শাস্ত্রের চুড়ামনি; সহজেই উত্তর কোলেন, নহাশয়! কি বলেন? পরস্ত্রী গমনে যদ্যপি

পাতক হতো, তাহা হইলে ভগবান যশোদানন্দন আর যোড়শ ব্রজগোপীনির সহিত লীলা কোরেন न। ? प्तरानित्नव महात्मव अ कूठनी की छात्र तं उ হতেন না ? এ সামান্য বিষয় আপনি আর কেন জিজ্ঞাসা কচ্চেন ? এ বিষয়ে কিছু মাত্র পাপ কি মুকোচুরি নাই! আজ কাল্তো আপামর সাধারণে এ কাজ কোচে। পামর বাবু খুসি হইয়া দেওয়ানজীকে চুড়ামণিকে পুরস্কার দিতে বোল্-চুড়ামণি হাত তুলিয়া "চিরণ জীুবেষু" वानीर्काप कतिया विलितन, ना इत्त किन ? কেমন লোকের পুত্র ? স্বর্গীয় কর্ত্তা মহাশয় দেব কি ঋষি ছিলেন তাহা বলা যায়না? ঈশ্বর করুন্, যেন এই বীজ এ সংসারে যাজজুল্যমান থাকে। পামর বাবু, ইয়ং বেঙ্গল (Young Bengal) নামে বিখ্যাত ছিলেন, যে দিকে জল পড়িত সে मिटक ছाতी थएउन ना, हेक्का भएउ में कर उन, 🖢 "শকের প্রাণ্ গড়েরমাঠ" খড়দহ অঞ্চল গ্যালে কৃষ্ণং বোল্তেন, কালীঘাটে গ্যালে মায়ের প্রসাদে অরুচি ছিল না, সুপাচক উইল্শনের বাড়ীতেও আহারাদি অনায়াসে চোলুতো, বেখা- লয়ের হোল্দে ভাতেও ঘৃণা ছিল না ৷' বাবুর মোসাহেব, "ক্ষেত্রনাথ মুখোপাধ্যায়" যেমন গুরু তেম্নি শিষ্য, মুখোপাধ্যায় মহাশয়ের বিষয় বলা বাহুল্য মাত্র। আমাদের বোড়ালের শিবু খুড়োর সাক্ষাৎ পিস্তৃতো ভাই, তাহার গুণের সীমা ছিল না "অশেষ গুণালক্ত" নামে বাবুর বাটীতে বিখ্যাত ছিলেন। ক্রমে রাত্রি অধিক হোতে পামর বাবু কহিলেন, ওহে মুখুয়ো! মিয়াজান বেটাকে একবার চুপী২ ডাক দেখি? আজ কি তয়েরি কোরেচে দেখা জাক ? বোল্তে বোল্তেই মিয়াজান নানাবিধ চপ্, কটলেট্, ক্যরি, আনিয়া সন্মুখে উপস্থিত কোল্লে, ক্ষেত্রনাথ ব্রাণ্ডির বোতল খুলে বোসলেন। বাবুদের আহার যত হউক, ৰা না হউক, পানে প্রবৃত্ত হইয়া দিব্বি আমোদ আহলাদে মগ্ন হোলেন। চুড়া-মণিও ক্ষেত্রনাথের প্রায় চিতিয়ে পড়া আছে, मामत्न कारमात (वँ४४ त्नरभ भारता। कनिका-তায় মদ খান না এমত অতি অল্প লোক আছে, বাকির মধ্যে শালগ্রাম ঠাকুর, পঁয়াচার বুড়ো ঠান্দিদি ও টেকচাঁদ ঠাকুরের টেপি পিসি, আর

জনকতক মাত্র। প্রকাশ্যে যদিচ অনেককে দেখতে পাওয়া যায় না কিন্তু নুকোচুরির ভিতর অনেকে আছেন। এদিকে জাত রক্ষা করেন, ও **मित्क मम्ब्रेक मिन्ति हत्न, छुमिक वजात्र द्वरश एटलन।** सूर्वाशास्त्र य कल मट्टाम्य छिक्ठांम ঠাকুর "মদ খাওয়া বড় দায়ে" বিস্তর লিখে গ্যাচেন। তজ্জন্য বাহুল্য বিবেচনা কোরে ক্ষান্ত হইলাম। পাঁচিধোবানির গলির পঞ্চানন তক্ত-লঙ্কার, বট্তলার ব্রজ ন্যায়রত্ব, শিমুলার ্খ্যামা-• চরণ গোস্বামী, নিমতলার নিমচাঁদ বাবাজি, হাটখোলার হিদেরাম ঘোষাল, রামবাগানের রামনারায়ণ বসাথ দেওয়ানজী, প্রভৃতি মহামান্য রত্নাকরের। উপস্থিত ছিলেন। ইহ্নাদের গুণের কথা বলা বাহুল্য, এক এক জন এক একটা অবতার বিশেষ।

পামর। অদ্য তোমাদের সকলকে এখানে উপস্থিত দেখিয়া আমি অতিশয় আহলাদিত হইলাম। আপনারা সকলেই দেশ হিতৈষী, দেশের মঙ্গল যাহাতে হয় তদ্বিয়েই লক্ষ্য করিয়া থাকেন। বিধবা বিবাহ প্রচলিত, বাল্য বিবাহ নিবারণ, বারাঙ্গনাদের সহর 'হইতে বহিস্কৃত করা, স্ত্রী শিক্ষা দেওয়া, এ সব বিষয়ে আপনাদের দৃষ্টিপাত না করা দেশের ছুর্ভাগ্য বোলতে হবে ? আমরা ভরদা করি, যে আপ-নারা দেশে২, জেলায়২, গ্রামে২, এই সকল প্রচ-লিত করিতে সচেষ্টিত হোন। (Here is success to you all) হিয়ার ইজ্সকশেশ টু ইউ অল্ বলিয়া এক গেলাস পান করিলেন ও চতুর্দ্দিক হইতে (Hear Hear) "হিয়ার" "হিয়ার" শব্দ উঠিয়া গেলাশ কেরাফিরি হোতে লাগ্লো। ধুমধামের সীমা নাই। বাবুরা মনে মনে জানেন আমরা সুকোচুরি কচ্চি; ওদিগে কত দিকে যে ধর। পোড় চেন তার ঠিকানা নাই!

ক্ষেত্রনাথ। মহাশয়! নামেও যেমন, কাজেও তেমন। আপনার বাকাতে নয়, যেন অমৃত বর্ষণ হোছেে? এরপ মনুষ্য, যদি গ্রামে একং জন জন্মে, তাহা হইলে ভারতবর্ষের জীর্দ্ধির পরিদীমা থাকে না। চুড়ামণি! ঈশ্বর করুন যেন আমাদের পরম মঙ্গলাকাজ্জী পামর বাবু চিরজীবী হন। এক্ষণে মহাশয়রা বাবুর কুশলার্থে আমার সহিত সকলে পুনর্কার এক২ গেলাস পান করুন্। এ স্থলে কেহ আর মুকো-চুরি রেখ না।

পঞ্চানন। বাবুর মত কটা লোক আছে যে এই সকল বিষয় চর্চা কোর বে? ধন থাক্বে, অথচ দেশাচার সংশোধনে মন হবে, ইহা না হলে আর তো এ বিষয় সিদ্ধ হতে পারে না ১ এখনকার প্রায় অধিকাংশ লোকেই দিন আনে দিন খায়। তাদের 'আ' বল্তে 'তা' দেয় রা, ত+ 'উল্লো' বলিবে কথন। চেলের মোন পাঁচ টাকা ভাব্বে কি পলিটিক্স (Politics) নিয়ে মাথা বকাবে ? এখন এস আমর। বাবুর গুড় হেল্ম ডিক্ (Good healh Drink) করি। হিএর হিএর হিএর (Hear Hear Hear) বাবু! আজ হদ মজার হুকোচুরি হোচে। আমরা যে ৰূপে এ কাজ করি, কার সাধ্য যে ধরে ?

চুড়ামণি। (স্বর্ণত) রাত্রি টা মিছে টেঁকির কচ্কচিতে বেড়ে যাচ্চে এখন বাবুর মনোরঞ্জ-নার্থে কোন রকম ভূতন মজা বার করা যাক্। (প্রকাশ্যে) দেখুন, আমাদের গ্রামে (বোঁইচিতে) একটা রকমসই দিব্বি আছে, তাহার পিতারও তলা চোঁয়া, বোধ হয় লেগে গেলেও যেতে পারে। তবে বাবুর কপাল আর আমার হাত যশ। একবার মুকোচুরি কোরে কিন্তু দেখবো?

ব্রজ। চুড়ামণি মহাশয়! আপনার মন্তো শাদা নয়, এতদিন কেমন কোরে এ কথা পেটে পুরে রেখেছিলেন, এখন যাতে শুভ কর্দা শীঘ্র শেষ হয়, তা কৰুন্। (স্বগত) মুখে যা এলো তাতো বোলে ফেল্লেম, কাজে কি ও বিষয়ে থাক্তে আছে ? বাপ্রে ! ''চাচা আপনা বাঁচা" পরের ट्रिक्नारम जामारिनत कांक कि ? थ मकल कर्मा, যাদের কোন কাজ কর্মা নাই এবং প্রচুর বিষয় আশয় আছে তাদেরই সাজে? আমাদের ও যেন কাঙ্গালের ঘোড়া রোগ। ও কথা এখন চাপা দেওয়া যাক্! (প্রকাষ্টে) চুড়ামণি! এখন কি করা যায় বল ? লোকে কথায় বলে, যে "কাজ কর্ম না থাক্লে খুড়াকে গঙ্গা যাত্রা " এস আমরা ক্ষেত্রনাথের বিবাহের উদ্বোগ করি, ইহাতে লোকত ধর্মতঃ যশ আছে।

রাম। ভেরিগুড্ (Very Good) আমার তাতে আপত্তি নাই, কিন্তু বাবা সময় বড় খারাপ! আমি চাঁদায় নাই, আগে থাকতে বোলে খালাস, গতরে সব কত্তে পারি। এতে আমার স্থকোচুরি নাই।

ক্ষেত্রনাথ। ব্রজ কি মানুষ গা। পেটের কথা টেনে আনে? বোলতে কি ভাই? আমার বয়স হয়েচে সত্য, কিন্তু ও বিষয়ে বিলক্ষণ মনও আছে কেবল অর্থাভাবেই অদ্যাবধি চারহাতে, ছহাত হয়নি। যদি পামর বাবু কটাক্ষ করেন, তবে এ সেবকের প্রাণ গতিক মঙ্গল হয়

ব্রজ। ইস! তুমি যে একবারে পাঠশালার পত্র আওড়াচ্ছ। যাহা হউক বাবুর ক্কপাতে তোমার মনস্কামনা সিদ্ধ হবে। বাবা! তোমার এমন তেরহাত কপাল যদি না ফলে তবে আর কার ফলিবে ১

ক্ষেত্রনাথ। এ শুভ কর্ম্ম যদি সমাধা হয়, তাহা হলে কাশীতে মন্দির দিলেও এত ফল হয় না। একটা ব্রহ্মস্থাপন করা হবে। পামর। ওহে পঞ্চানন! ভাল একটা দম্ম করে দেও দেখি। ক্ষেত্ররের বিয়েটা দেওয়া যাক, টাকার জন্য কর্ম আট্কাবে না, মেয়েটি যেন ভাল হয়; কিন্তু কিছু রং চাই।

পঞ্চানন। মহাশয়! যেখানে আমি আছি সেখানে রংগের কোন অভাব হবে না।

চূড়ামণি। মহাশয়ের এ নবরত্বের সভার কি রং, ঢং, খুঁজতে হয় ? আমরা এক একটা ধুনুর্দ্ধর বিশেষ, আমাদের অসাধ্য হেন কর্ম্ম নাই যে পারিনা। যদি অনুমতি করেন, তবে ক্ষেত্তরের বিয়ে আজ রাতারাতি দিয়ে দিতে পারি, তবে এতে কিছু নুকোচুরি কোত্তে হবে, বুঝলে কি না?

পামর। মুকোচুরিতো একটু চাই হে, মুকো-চুরি ছাড়া কি কাজ আছে?

ক্ষেত্র। চুড়ামণি মহাশয়? তোমার মুখে ফুলচন্নন পড়ুক। "শুভফ্তঃ শীঘ্রং" আমার আজ যদি হাতে সুতোবাঁধা হয়, সেই বাঁধাতে আমি আপনাদের কাছে চিরকাল বাঁধা থাক্বো। ব্রক্ষ! তুমি ভাই একটু মনোযোগী হয়ে কন্যা হির কোরে এস, আজই যেন শুভকর্ম শেষ হয়,

এর পর বাবুর এ মন না থাক্লে সব ফোষকে যাবে।

ব্রজ। বাবা! আমাকে কিছু বোল্তে হবে না, আজ তোমার বিয়ে দিয়ে তবে অন্য কাজ। আমি এই চল্লেম্।

[ব্রজের প্রস্থান।

ক্ষেত্রনাথ। চুড়ামণি মশায়! আমি বোধ করি এতদিনের পর আমার বিবাহের ফুল্ড ফুটলো, প্রজাপতি যে এ নির্কল্প কোরেছিলেন এ আমি একদিনও ভাবিনে।

চুড়ামণি। ওহে মুকোচুরি সকলেরই আছে, বিধাতা ভিতরে২ তোমার এটী মুকোচুরি কোরে রেখেছিলেন। যাহোক এখন ব্রজ ফিরে এলে হয়।

ক্ষেত্রনাথ। মশায়! এদিকে বিবাহের যেহ বিধি বৈদিক আছে তা ছুটো একটা করুন্ না কেন ? আগেই কাজ নিকেশ হয়ে থাকু ?

চুড়ামণি। সে সব আর কোন প্রয়োজন করেনা। পামর। ছুটো এক্টা হবে বৈকি ? সব ছেড়ে দিলে ক্ষেত্রনাথের মনের মধ্যে জন্মের জন্য ভারি ছুঃখ থাক্বে।

ক্ষেত্রনাথ। বাবু এমন আর হবেন।!

চুড়ামণি। তবে রৃদ্ধির শ্রান্ধটী, গাত্র হরিদ্রা, ও আইবুড় ভাভ, এই তিনটেই এ সংক্ষারের প্রধান। তাহাই করুন্।

ক্ষেত্রনাথ। রৃদ্ধির আর্দ্ধে আর কোন প্রয়োজন করে না। সে কেবল চোদ্দপুরুষের সন্তোষের
জন্য। আমার চোদ্দপুরুষের আর নাম কোত্তে
ইচ্ছা করে না; এখন ভোমরা আমার চোদ্দ পুরুষ। ভোমরা ভুফ হলেই রৃদ্ধি আদ্ধ করা
হবে। কেবল "গাত্রহরিদ্রা" ও "আইবুড়ো"
ভাতটা চাই।

পামর। আইবুড়ো ভাতের কোন ভাব্না নাই, উইল্শনের হোটেল থেকে এথনি তা আ-নাতে পারা যাবে, এখন হলুদ কোথা পাই ?

চুড়ামণি। মহাশয় : সাত্তুকে খানশামার কাছে জাকরান আছে, তাই একটু মাথিয়ে দেওয়া যাক। ক্ষেত্র। চূড়ামণি একজন লোক বটে; সেই ভাল।—(ক্ষেত্রনাথকে জাফরান্ মাথান এবং উইলশনের বাটা (Great Eastern Hotel) হইতে একটা বাক্স আনাইয়া সকলের আহারাদি করা)।

পামর। ক্ষেত্রনাথ! এতো ভারি মজা হোলো; তুমিও আইবুড়ো ভাত থেলে, আর আমরা তোমার চোদ্পুরুষেও থেলেম, এত এক রকম রৃদ্ধির শ্রাদ্ধ প্রায় হোলো।

[ব্রজের প্রবেশ]।

ক্ষেত্র। কি খবর, ইহার মধ্যে কর্ম সমাধা হলো নাকি? কথা কওনা যে? সব মঙ্গল তো? ব্রজ। খবর ভাল বরসজ্জা কর, আর দেখ কি? লগ্ন ছুই প্রহরের সময়, মহাশয়রা সকলেই প্রস্তুত হন্, আর বড় বিলম্ব নাই; এতে আর কোন মুকোচুরি করে আসি নাই!

े ক্ষেত্র। বলি কনেটি কেমন, চল্বে ভো? না, হাতে জল সরবে না।

ব্রজ। স্থির হও, তাত ব্যস্ত হইওনা, উতলার কর্মা নয়; ছুদণ্ড সবুর করলে দেখে প্রাণ জুড়াবে। কিন্তু বাবা, বিদায়টা যেন বিবেচনা করে দেওয়া হয়। ঘটকালি কত্তে গিয়ে বড় ক্লেশ হয়েছে। বলিবো কি, যেতে এক্টা হোঁচোট থেয়ে বেলহত্যা হতে২ রয়ে গেছে। কনেটি অদ্বিতীয়, তার কথা আর জিজ্ঞাসা কি কর্বে? কপে গুণে এমন মেয়ে পাওয়া ভার। কিন্তু একটা বাজ্না বাদ্দি করে গেলে ভাল হয় না? প্রকাচুরিতে দরকার কি?

ক্রান। আর বাজনায় কাজ্নাই, অম্নি ভাল।
"বড়তো বে তার দুপায়ে আল্তা," এখন চার
হাত একত্র হলেই আমরা নিশ্চিন্দি হই।
চলুন্ আমাদের সব বেরুনো যাক্, আবার যেতে
হবে অনেকটা, আর দেরি করা উচিত নয়।

ক্ষেত্র। হাঁ বাপ সকল! তোমরা উঠ, আর বিলম্বের প্রয়োজন কি?

চুড়ামণি। আরে যদি এ জম্মের মত আইবুড়ো নামকে বিসহর্জন দিয়া চল্লি, তবে একটু২ পাকা মাল টেনে নে, কিসের জোরে জুঞ্বি?

· (সকলের এক২ গেলাস ব্রাণ্ডিপান ও তদনন্তর বর লইয়া যাওন) পামর। কেমন হে আর কত দূর ?

ব্রজ। আজে আর বড় ছর নাই, হাড়ি পাড়ার বিশেহাড়ির পগারেরধারে সন্ন্যাসি কোলু থাকে, তারি বাড়ির ভিতর অজ্ঞাত কুল শীলা একটা ব্রাহ্মণের কন্যা আছে। তাহার সহিত বিবাহের সম্বন্ধ স্থির করিয়া পত্র করিয়াছি, আপনারা চলে চলুন্ (ক্রমে সকলের কোলুর বাড়ি উপ-স্থিত, কোলু যৎপরোনাস্তি অভ্যর্থনা করিয়া বসাইল; ও যথা যোগ্য সমাদর করিল, পরে ব্রাত্রী এগারোটা বাজিতে কলু বলিল।)

কলু। মহাশয় আমার বলিতে ভয় হয়, কিন্তু
পুরুষাত্মক্রমে একটা প্রথা আমার বাড়ি বিয়ের
সময় প্রচলিত আছে, তাহা না হইলে আমাদের
মনে বড় আক্ষেপ থাকিবে। আপনারা সকলে
মহাশয় লোক, আজ আমার কি স্কুপ্রভাত্, যে
আপনাদের পদধূলি আমার বাটীতে পড়িল, এখন
আমার মনস্কামনা সিদ্ধি করিলে ক্তার্থ হইব।

পামর। তোমার কি প্রথা আছে তাহা প্রকাশ করিয়া বলিলে আমরা অবশুই করিব, ইহাতে আর মুকোচুরি কি ? কলু। আজ্ঞা এমন কিছু নয় কেবল বরকে বিবাহের অগ্রে তিন গ্লাস সিদ্ধি খাইতে হয়, ও বর্ষাত্রীরা যদি অনুগ্রহ করিয়া খান তবে আরো ভাল।

পামর। তাহাতে আমাদের কিছু মাত্র বাধা নাই, তুমি সচ্চন্দে দেহ, আমরা অমানমুখে পান করিব, এই মুকোচুরি ?

[অনন্তর সকলের সিদ্ধি পান]

ক্রে। চূড়ামণি! আছো, না মরেছো?

চূড়ামণি। না থাকার মধ্যেই বটে, যা আছি তা দানো পেয়ে আছি !!! সিদ্ধিটে বড় জোর করেছে।

ক্ষেত্র। চুড়ো বাবা! আর যে কিছু দেখতে পাইনে?

চূড়ামণি। তবে তোর সময় হয়ে এসেছে, হরিনাম কর, বিয়ের সময় এ রকম সকল-কারই হয়, তার জন্য কিছু চিন্তা নাই!

ক্রেমে ক্ষেত্রের নেশা, ও তদন্তর তাহাকে আল্কা-ত্রা মাখিয়ে তুলা লেপন, ও হরেক্ রকম সজ্জা করে দেওন, পরে বিশে হাড়ির কন্যার সহিত বিবাহ ও বাদর সজ্জা, এইৰূপে নিশি অবশান হইলে ক্ষেত্রের চেতন হওয়াতে কন্যাকে জিজ্ঞানা করিল যে বিবাহ হইয়াছে কি না ? কন্যে উত্তর করিল হাঁ এক রকম সকলের অনুগ্রহে চার হাত একত্র হইয়াছে ৷)

ক্ষেত্র। আমার গাটা পিটং কর্ছে কেন? ব্রজ তো সুকোচুরি করেনি?

কনে। তোমাকে সকলে আহলাদ করে বরসজ্জা করে দিয়াছে, তাহাতেই বোধ হয় পাটা পিট২ কর ছে; এখনো রজনী আছে তুমি কিঞ্চিৎ আরাম কর, পরে গাত্র ধৌত করিলে পিটপিটিনি যাইবে।

ক্ষেত্র। (আমাকে তবে এরা সং সাজিয়ে রং করেছে।ছি!ছি!ওমা আমি কোথা যাবো!
এ কালামুখ কাকে দেখাব? আবার ইনি আরাম
কর তে বলেন, আর দেইনি অমনি ভাল, এখন
ছেড়ে দিলে কেঁদে বাঁচি)। আমার সঙ্গে যাহারা
আসিয়া ছিলেন তাঁহারা কোথায়, এবং তুমি
কে?

কনে। প্রাণনাথ, আমি বিশু হাড়ির কন্যা, গত রাত্রিতে তোমার সহিত আমার বিবাহ হই-রাছে আর যাহারা তোমার সঙ্গে আসিয়াছিলেন তাহারা সকলেই গিয়াছেন, বোধ হয় অদ্যবর কন্যে লইতে পুনরায় আসিবেন।

ক্ষেত্র। হা ভগবানু! তোর মনে কি এই ছিল! যে বংশে কখন কলদ্ধ হয় নাই, যে পাপের প্রায়শ্চিত্ত নাই, যে রোগের ঔষধ নাই, তাইাতেও আমাকে মগ্ন করাইলে। হায় হায়! পিতা, মাতা, শুনিলে কি বলিবে! আমার মত অভাগা ত্রিজগতে নাই, কথায় বলে "লোভে পাপ পাপে মৃত্যু" তাই কি আমার হাতে কলো, এক্ষণে অসীম তুঃখসাগরে নিমগ্ন হইলাম। হা বিধাতা! আমি এত দিনের পরে পতিত হই-লাম, পিতা মাভার হৃদয় বিদীর্ণ হৃইবে; যে পিতা মাতা আমাকে চিরকাল যতুপুর্বাক প্রতিপালন করিয়াছেন ও যাবজ্জীবন যাঁহাদের স্নেহের অধিগামি, আজ নেশাতে অবশ হইয়া তাঁহাদের কুলে কালি দিলাম। ধিক্ ধিক্ এ প্রাণে ! এখন কি করি ? যাইবা কোথায় ? আর এ বিবাহিত। নেজুড় বা রাখি কোথা? অদ্যাবধি প্রেম বাক্য কহিব না, প্রেমের নাম উচ্চারণ করিব না, প্রেমি-কের সহিত আলাপন করিব না, প্রেম করিতে গিয়া দেশে মুখ দেখাইবার উপায় রহিল না। হা পোড়া প্রেম! তোর মুখে ছাই! যে প্রেম জগত্কে প্রকৃলিত করে, যাহার নামে মনুষ্যের লোমাঞ্চিত হয়, আজ সেই প্রেম আমার নিক্ট বিষের অধম হইল "প্রেমোত্রত আজ আমার হলো উজ্জাপন" এখন যাই আর ভাল্নে কি হবে ? যা হবার তা হয়ে গেছে! আচ্ছো সুকোচুরি করেছে।

কন্যে। প্রাণনাথ আমায় ছেড়ে **যাবে কো**-

ক্ষেত্র। কালামুখির আদর দেখে যে আর বাঁচিনে, এত ঢলালি তবু তোর মনের সাদ মেটেনা, রঙ্গ দেখে যে বাঁচিনা, এখন আর কাজ নাই,খেমা দেও, মুকোচুরি ধরিচি!!

কনে। প্রাণনাথ তুমি যেখানে যাইবে আমি তোমার সঙ্গেই যাইব, যারে ধন, মন প্রাণ, সব সমর্পণ করিয়াছি, তারে কি আর এক দণ্ড ছেড়ে থাক্তে পারি? আমি আর কোন মুকোচুরি কচিচনে।

ক্ষেত্র। (স্বগত) ভাল আপদ এ যে নেকড়ার আগুণের মত ছাড়ে না। কি করি, আজুকের মত এখানে থেকে রাত্রে বারানশী গাগন করিব। এত দিনের পর আমার বিয়ের সাদ্ মিট্লো, আর মুকোচুরি যা হবার তা হদ্দ হলো!

(পরে ক্ষেত্রের রাত্রে পলায়ন ও কাশীধামে গমন)।

শ্বিধনে পামর, চুড়ামনি প্রভৃতি সকলে বড় খুসিতে স্বং গৃহে গমন করিয়া আহলাদে আট্-থানা হইলেন। মজার চুড়ান্ত হইয়াছে, কিন্তু আক্ষেপের বিষয় যে ক্ষেত্তরের জাত গেল। চূড়া-মনি বলিলেন 'থার সঙ্গে যার মজে মন, কিবা হাড়ি কিবা ডোম" ছুদিন ঘরকন্না কত্তেং বেশ মিল হয়ে যাবে তার সন্দেহ নাই, কেননা আমার পিতামহের প্রায় এই রূপ ঘটনা হইয়াছিল অথচ তিনি অতি সন্ভাবে গৃহকার্য্য ও সংসার্যাত্রা স্থথে নির্কাহ করিয়া সন্তানাদি রাথিয়া স্বর্গলাভ করি-য়াছেন। জীবদ্দশায় বিস্তর স্কুকোচুরিও করে গেছেন।

তৃতীয় অধ্যায়।

一:*:-

কলিযোর।

রমণী পভীর হিতে সদা দিবে মন।
অমূল্য সভীত্ব ধন করিবে রক্ষণ।।
ইহা হতে সংসারির কিবা স্ব্থ আর।
সুথের সংসার মনোমত ভার্য্যা যার।)

কামিনী। ওলো আর শুনিছিস্। এবার কলি উল্টে গেল! সুকোচুরি রইলো না!

সৌদামিনী। পোড়াকপাল্! শুন্বো আবার কি? শোনবার কি আছে তা, শুন্বো!

কামিনী। অবাক্ সে কিলো আমাদের গঙ্গা-মণির মেয়ের যে কাল রেতে বে হয়েছে তা কি শুনিস্নে? সুকোচুরি বেরিয়ে পড়েছে!

সোদামিনী। না ভাই আমায় কেও বলে কয় নি, কি করে শুন্বো, বল্তে কি বোন, যে সময় পড়েছে, তা এক দণ্ড সুস্থির নই, বৈ তোদের কাছে গিয়া ছুটো কথা কই; এমনি মাগ্গি গণ্ডার সময়, তায় পোড়া চেলে আগুন নেগে গেছে, তাই ভাব্তে২ আমাদের কতাটি একেবারে জীর্ণ শীর্ণ হয়ে গেছেন।

কামিনী। মরণ আর কি! তোর আবার ভাবনা কিসের? কথায় বলে "খাওয়া জানে বাবা জানে," তা আমাদের যারা বে করেছে তারাই তাক্সে, আমাদের কি বয়ে গেছে? এখন সে যা হোক বোন, কাল রেতে বড় রং হয়েছে, কোথা হতে একটা আগড়ভম্বর ধরে এনে রাখালির বে দিয়েচে, আর পোড়া বর রাত্ পোয়াতে না পোয়াতে পালিয়ে গেছে, শুন্তে পাই, বরটি নাকি ব্রাহ্মণের ঘরের ছেলে, কুলিন, আর পোড়া কি তার নামটা মনে আসে না, বলদের না কি, বাবা ঠাকুরের সন্তান।

সোদামিনী। অবাক্! (গালে হাত দিয়া) ও মা আমি কোথার যাবোহ! দূরঃ২ তা কি কথন হয়, কলুতে আর বায়ুনে কি বে হয়? আজ পর্যান্ত বিধবার বে স্বক্রুন্দক্রমে দিতে পার্লে না তা অন্য জেতে বে দেবে; এখনো চন্দ্র সূর্য্য উদয়; আর রাত দিন হচ্ছে, এ কি হতে পারে? তুই বুঝি কাল রেতে ভাল করে যুমুসনে, তাই বুঝি সপ্ল দেখেচিস্?

কামিনী। তা বল্বি না তো আর কি? যদি বল্লেনা পিত্তয় যাস তবে রাখালীর মার বাড়ি গিয়ে জেনে আয়।

সৌদামিনী। যাই ভাই, বেলা হয়েছে, ঘরক্রা দেখতে হবে, এর পর খেয়ে দেয়ে ওবেলা রাখালির মার কাছে যাব। এরা এমন কর্ম কেন কল্লে এদের ঘাড়ে কি ভূত চেপেছিল, না টাকার লোভে করেছে? বরটী কেমন, দেখ্তে ভাল তো?

কামিনী। ও কথা আর জিজ্ঞাসা করিশ্নে।
বরটা বেঁটে সেঁটে, করলা চেঁটে, পেট্টা নেয়া,
চক্ষু বেরিয়ে পড়েছে। ছপায়েতে গোদ, সামে
টাকার ঝুলি, আবার "সব গিত্হরে নিল কুতো
গিরি দাসে," এদিগে কি কর বে পোড়া গোঁপে
মেরে রেখে দিয়েছে। মাইরি বোন্ ঠিক যেন

মুড়ো খেংরা গাছটা। ৰূপে গুণে মূর্ত্তিমান এমন ছেলে পাওয়া ভার!

সোদামিনী। ওমা ছি,ছি,ছি !! এরা কি চকের
মাথা খেয়ে বে দিলে, কলি যে সত্বিং উল্টে
গেল, এখন হাতের লোহা গাছ্টা হাতে রেখে
মলেই বাঁচি, অবাক্ কলি পাপেভরা, দেখে শুনে
অবাক্ হয়ে গেচি, ভোর কথা শুনে বোন আমার
পেটের ভাত চাল হচ্ছে, এখন যাই ভাই, একি
শোক্ষার কথা তা শুন্বো, না জানি এর পর
আর কত হবে, এখনি এই, অবাক্ করেছে
বোন্! কলিঘোর হলো যে; এ সুকোচুরি যে
তাহদ্দ হোলো।

চতুর্থ অধ্যায়।

-:*:--

পুলিশ বিচার।

ভাবী না ভাবিয়া লোকে কুকর্ম করিয়া। পাপের সন্ধানে হয় আকুল ভাবিয়া।। করিবে যে কার্য্য পূর্ব্বে বিবেচনা তার। তাহা হলে কভু নহে ভাবনা অপার।।

প্রাতঃকাল, বসন্তের সময়, আকাশ নীলবর্ণ,
মন্দর বায়ু বহিতেছে, রক্ষে নবর পল্লব হইয়াছে, তরুলভাদির ফল ফুলের চারিদিকে সৌরভ
ছুটিতেছে, ভ্রমর সকল গুনর করিয়া রব করিতেছে, কোকিল কুত্তর ধানি করিতেছে, মধ্যে
এক পসলা র্ফি হইয়া রাস্তা ঘাট সকল ভিজিয়া
গিয়াছে। চাসিরা নিজর কাযে প্ররন্ত হইয়াছে,
কলুরা ঘানি যুড়ে দিয়েছে, ত্রাদ্মণেরা প্রাতঃস্নান
করিতে যাইতেছে,ছেলেরা পাঠশালায় যাইতেছে,

দোকানি প্রসারিরা রাম বলিয়া গা ঝেড়ে ঝাঁপ খুলিতেছে, ভারিরা জল তুলিতে আরম্ভ করি-তেছে, নাপিতেরা খুর ভাঁড় বগলে করিয়া বেরি-য়াছে। সুর্যাদেব পূর্কাদিক আলো করিয়া উঠিতেছে, এমন সময়ে ক্ষেত্রনাথ চুড়ামণির বাদার দাওয়ায় বসিয়া তামাক খাইতেছেন ও মাঝেং একং টিপ নক্স নিয়া ভাবিতেছেন যে কি করি ১ কোপা যাই ? যে কর্ম করিয়াছি তাহাতে আমার ঁইহকাল নাই পরকালও নাই। চুড়ামণির বাসা সোনাগাজির শিবি গোয়ালিনির বাটাতে ছিল। তিনি মান করিয়া পূজা করিতে২ এক২ বার ক্ষেত্রের দিকে চাহিয়া দেখিতেছেন, কখন বা নিকটবর্ত্তী বেশ্বাদিগের ৰূপ লাবণ্য দেখিতে-ছেন। মন সদা অন্থির, একাগ্রচিত্ত না হইলে পুজাশ্রয় সকল উত্ম ৰূপে সমাধা হয় না। তাঁহার মনে নানা রকম ভাব উদয় হইতেছে সুতরাং ঔষধ গেলার মত পূজার কাজ সারিয়া ক্ষেত্তরের নিকট আসিয়া বলিলেন; তবে ভায়া! কৈমন বিবাহ হলো তা বলো? সুকোচুরিটে কি টের পেয়েছে ১

ক্ষেত্র। মহাশয়ের অগোচন কিছুই নাই, তবে কৈন কাটা ঘায়ে সুনের ছিটে দেন ?

চূড়ামণি। সে কি, আমিতো কিছু জানিনা বলতে কি? কাল রেতে মাথাধরে ছিল, তা যেম্নি পড়েছি অম্নি মরেছি, কিছুই সাড় ছিল না।

ক্ষেত্র। বেশ বাবা এত অসাড়! এর ঔষধ অসাড়ে জল সার।

চুড়ামণি। ও কে হে? আমার অস্তানায় কাব্রু । ,মুখ দেখা যায়।

ক্ষেত্র। বুঝি কোন ভাসা কাপ্তেন নোঙ্গর তুলেছে, তাই পাইলট(Pilot) খুজ্তে বেরিয়েছে। চুড়ামণি! তোমার কল্যাণে তাই হোক! আমার সময়বড় খারাপ্! খরচ বেশী, আয় কম, এ সময়ে এক আদ টা কাপ্তেন পেলে বড় উপকার হয়। আর হুকোচুরিতে কাজ কি ?

চুড়ামণি। কে হে তুমি?

সন্ন্যাসি কলু। আজ্ঞা আমি ! মহাশ্রদের দর্শন না পাইয়া নিমন্ত্রণ পত্র দিতে আসিয়াছি, পুলিষের লোক ! ইহারা কৈরাদি, তোমার কার্য্য তুমি কর, আমি চেড়িয়ে পড়ি, জামাই কিছু মনে করোনা বাবা? আর মুকোচুরি রইলো না।

পুলিষের লোকেরা ছই জনকৈ গৃত করিয়া লইয়া গেল, পরে থানায় এজেহার লইয়া জামিন অভাবে তাহাদের বেনিগারদে রাখিল। পর দিবস পুলিষে লইয়া একপাশ্বে বসাইয়া রাখিল। মাজিষ্টেট সাহেব আসেন নাই স্কুতরাং অপেক্ষা করিতে হইল)।

ুপুলিষ জম্থ করিতেছে, লোকে থইথ করিতেছে, দালাল উকীল এদিক ওদিক করিয়া,
বেড়াইতেছে, কেরানিরা বই হাতে করে এ ঘর
ও ঘর করিতেছে, সারজন; ইন্প্পেক্টর সব দ্বারেথ
বিসিয়া আছে; ছোটলোকে পোরা, আমলার
তদ্বিরে কৌশল চলিতেছে ও কেরানি মহলে
রকমারি বকসিস্ হইতেছে, ক্রমে ছুই প্রহর
বাজিলে মাজিইটের বিগি গড়থ করিয়া পোরটিকোতে(Portico)আইল। সারজনেরা টুপি খুলিয়া
সেলাম বাজাইল; সাহেব কোনদিকে নজর
না করিয়া বরাবর উপরে গিয়া বেঞ্চে বসিলেন।
কেরানি কেশ উঠাইল, কাহার জরিমানা, কাহার

বেভাঘাত, এইরূপে বেলা একটার পর ক্ষেত্র-নাথও চূড়ামণিকে সামনে হাজির করিলে ইনটর 🖎 টর (Interpreter) জিজ্ঞাসা করিল "আসামি হাজির" অমনি সন্নাসি কলু সামনে গিয়া সেলাম করিয়া বলিল, " হাজির ভুজুর" মাজিফ্রেট প্রায় কথা কন না? মামূলা মক-দ্মা সকলই ইনটর প্রেটরে করে, বরং কলি-কাতা ভাল, মফঃসলে কোনং মাজিষ্টেট সাহে-বদের রাম রাজত্ব। তাহারা চেয়ারে পা তুলিমা চুরট খাইতে২ খবরের কাগজ পড়েন ও মাজে২ জিজ্ঞাসা করেন " আব কেয়া হোতা হায়" দিল্লির অঞ্চলে কোন মাজিফ্রেট সাহেব কাছারি করিতেছেন, চারিদিকে আমলা পেক্ষারে পরি-পূর্ণ সেরেস্তানার ইয়সলা পড়িতেছে, সাহেব চুরোট খাইতে২ খবরের ক'গজ ও হোম লেটর (Home letter)পুড়িতেছেন ও মধ্যে২ আচ্ছা বলিয়া আসর সরগর্ম করিতেছেন; পেয়াদারা এক২ বার ভূক্ষার দিয়া চুপ্ত করিতেছে, এমন সমরে এক বরকন্দাজ একটা ইন্ডুর ধরিয়া সাহেবের নিকট আসিয়া বলিল খোদাবন্দ এক চুয়া

পাক্ডা গিয়া হায়, ইননে বরাবর আদালতকা কাগজ ওগজ খানেখারাপ কিয়া! সাহেব না দেখিয়া হুকুম দিলেন বহুত আচ্চা, " ছয় মাহিনা ফটক দেও" আর বোলো এসা কাম মত্করে, বরকন্দাজ বলিল, খোদাবন্দ এ বডা তাজিব কা বাত্ হায়, এ তো চৌট্টা নেই, এ চুয়া হেয়, সো এনকো হাম কিসিতরে ফটক দেজে। সাহেব রাগান্থিত হইয়া বলিল "সুয়ার। এ বাত হামকো শহেলা কাহে নেই বোলা? যাও, বে কশুর খালাস, আর তোমারা দশ কপেয়া জরিমানা"।

অনন্তর ক্রন্তরের ও চুড়ামণির কেস উঠিলে
সন্ন্যাসিক বু এজেহার দিল, যে চুড়ামণির পরামর্শে ক্রের তাহার বিবাহিত। দ্রীকে পরিত্যাগ
করিয়াতে, তজ্জন্য সেই সতী লক্ষ্মী অন্নাভাবে
মারা যাই বে। সাহেব হিলার করিয়া ক্ষেত্ররের
আয় ব্যায় বিবেচনা না করিয়া তাহাকে মাসিক
দশ টাকা খোরাকি আলাতে জমা করিয়া দিতে
ভুকুম দিলেন।

ক্ষেত্র। চুড়ামণি মলাশয়। এ কি বিচার? স্থামার এমন যো নাই, যে পিতা মাতাকে স্থন দি, এখন উপায় কি? এ যে গোদের উপর বিশফোড়া?

চুড়ামণি। সকলি গোউরের ইচ্ছা, এখন তুমি আপনার পথ দেখ আর কি ? কলকেতার জল বাতাস তোমার সইলো না, তুমি পাড়াগাঁ। অঞ্চলে পালাও!

ক্ষেত্র। চুড়ামণি মহাশয় ভুমি একটি ভূষণ্ডী, অথচ তোমার গাম আঁচড় পড়ে না, আমি জন্মা-বধি কথন কাহার মন্দ করি নাই, কিন্তু কি পেড়ি কপাল! আমার একদিনও সুখে গেল না ১ ভগবানের নাম আমি তুসক্ষ্যে ফরি, বোধ করি, তাই বিধাতা আমার জন্য সকল ক্লেশ সঞ্চয় করিয়া রাথিয়াছেন। এইতো আরম্ভ, নাজানি আরে। কত আছে। আমার এক একবার ইচ্ছা হয় আত্মঘাতী হই। পিতা মাতা বাল্যকালাবধি আশা করিয়াছেন যে তাহারা মলে আমি একং গণ্ডুষ জল দিব, সে আশা বুঝি এতদিনের পর নৈরাশ হলো। শুনেছি সকল পাপের পরিত্রাণ আছে, আমার কি পালের পরিত্রাণ নাই ? হা ভগবান! আমি অসীম ছুঃখ সাগরে মগ্ন হই-

রাছি, আমাকে রূপা করিয়া উদ্ধার করুদ্, আমি তোমারি, নাথ! আমি চিরকাল তোমারই।

চুড়ামণি। ক্ষেত্র ! আর তারিসনে ? ভাবলে কি হবে বল ? আমি যদি ভাবি তা হলে ভাব-নার সমুদ্রে পড়ি, তার আর কুল কিনারা নাই; ও সব কি পুরুষের কাজ ? যত দিন বেঁচে থাকিস মজা কর, আর হেসে থেলে নে।

ক্ষেত্র। সব সন্তি বটে, কিন্তু মনে সুখ না শ্রুকিলে কিছু ভাল লাগে না।

পঞ্ম অধ্যায়।

রাখালীর খেদ।

বিদ্যার অপেক্ষা আর কি আছে ধরায়।

যাহার প্রভাবে সবে সদা মান চায়।।

ধর্ম জ্ঞান আদি লভে সবে বিদ্যাবলে।

ভাই বলি বিদ্যালাভ কর্ত সকলে।।

রাথালি, সন্ন্যাসি কলুর কন্যা, বয়স দশবৎসর,
দেখতে বেঁটে সেটে, শামবর্ণ, পেটা জালার মত,
পাড়াগেঁয়ে মেয়ের মত মাথার উপরে ক্ষ
চুড়ার খোপা বাঁধা, শিতকাল সুতরাং ছিটের
বুটোদার দোলাই গায়ে দিয়ে মুড়কি অঞ্চলহইতে
খাইতে২ পাঠশালায় ঘাইতেছে, এমন সময়
কতক গুলি সমবয়সী বালিকা তাহাকে উপহাস
করিয়া বলিল, কিরে রাখালি! তোর বাপ্ না কি
একটা নিমতলার ভূতের সঙ্গে আল্গোচা রকমে
বেলঘোরে নেগিয়ে তোর বে দিয়ে এনেছে?

আবার পোড়া ভূত নাকি, বে হোতে না 'হোতে দানো পেয়ে পালিয়ে গেছে? এর ব্যাপার টা কি তা বল দিকি শুনি? আর সুকোচুরিই বা কি? রাখালি। কে জানে ভাই? বাবা টাকার লোভে পন পাইয়া আমার রাতারাতি বে দি-রেছে, সত্য বটে, কিন্তু স্বামী বিবাহের প্র আমায় ত্যাগ করিয়া গিয়াছেন ও বাবা তাহার সহিত মকদমা করিয়া দশ টাকা খোরাকি পাই-রাছেন। আমাদের তুর্গাদাস ন্যায়রত্ব মহাশয় স্বস্ত্যান করিতেছন, ও ব্রজঘোষাল বিল্লপত্র দিতে-ছেন, বোধ হয় আবার পুনঃ স্বামী লাভ শীঘ হবে, নতুবা ব্রাহ্মণদের সোস্ত্রেন মিথ্যা, সাল্গে-রাম মিথ্যা, ও পইতে মিথ্যা, তোরা ভাইবল, আমি যেন পুনর্কার সেই পতিকে পাই। এই विनट, তাহাকে সকলে ঠাটা করিয়া হাস্তাম্পদ করিয়া বলিল,''এর ভেতর ঢের হুকোচুরি আছে''। রাখালি অতি উত্তম বালিকা লেখা পড়ায় যত্ন আছে, পিতা মাতাকে, শ্লেহ ভক্তি, ও অন্যান্য গৃহ কার্য্য সকল উত্তমন্তপে করিত। অনন্তর পাঠশালায় প্রত্যাগমন কালীন সকলে ঠাটা

করাতে তিনি বাটীতে আসিয়া রোদন করিতে-ছেন, এমত সময়ে তাহার মাতা আসিয়া জি-জ্ঞাসা করিল, কেন বাছা কে কি বলেছে?

রাথালি। মা! আমার আর বাঁচ্তে সাধ নাই! আমাকে আজ সকলেই ঠাটা বিজ্ঞপ করিয়াছে টাকা কি ছার জিনিস। মা! তুমি টাকার জন্য আমার কুল শীল যৌবন সব বিসর্জ্জন দিলে? হায়রে টাকা! তোমার অসাধ্য হেন কর্মনাই যে হয় না! আমি আর পাঠশালায়ু যাক্রেনা এমন বে দিলে যে লজ্জায় মুখ দেখান ভার! ছি ছি মরণ ভাল!!! কেন মা তুমি হুকোচুরি করেছিলে?

রাখালির মাতা। কেন বাছা? এমন কি কার হয়নি, যে তোমার নতুন হয়েছে? তা ওর জন্য আর ভাবনা কি? তুই আবার ভাতার পুত নিয়ে যথন ঘরকন্না কর বি তখন তোর দেখে সকলের চোক্ টাটাবে; জামাই এলো বলে, তার ভাবনা কি, সবুর কর, সবুরে মেওয়া ফলে।

রাখালি। মা আসার আর কিছু সাধ নাই! স্থামার সকল আশা নিরাশ হয়েছে, এখন মৃত্যু হলেই বাঁচি, আর কিছুতে কাজ নাই! পৃথিবি! তুমি দোফাঁক্ হও, আমি তোমার ভিতর যাই!

144

ষর্গ্ত অধ্যায়।

—:*:—

ইয়ং বেঙ্গালের স্ত্রীব্যবহার।

দেশাচার দোষ কিসে দূরীভূত হবে।
উচিত তাহাতে হও সচেঞ্চিত সবে।
যে দেশে জনম কর সমুজ্জ্ব তার।
তবেত হইবে যোগ্য মানব সভার।।

সায়ংকাল উপস্থিত, স্থানের পদিনিকে পরিত্যাগ করিয়া দিবার সহিত পশ্চিমাচলে পালাইতেছেন, পশু পক্ষি সকল নিজহ বাসায় ঘাইতেছে, আকাশে নক্ষত্র নিকর হীরক খণ্ডের-ন্যায় দীপ্তি প্রকাশ করিতেছে, চতুর্দ্দিক নিস্তব্ধ; কেবল কলুর ঘানির শব্দ ও মধ্যেহ ঝিঁঝিঁ পোকার রব শুনা যাইতেছে। এমন সময়ে পামরলাল বাবু তাঁহার আহীরীটোলার বাটীর ছাদের উপরে গিয়া ঈশ্বরের স্থাটীর শোভা দেখিতেছেন।

গঙ্গার উপরে চন্দ্রের আভা যেন বায়ুছিল্লোলে নৃত্য করিতেছে, দেখিয়া পামর বাবুর মন পুলকিত হইল। তিনি পাঁটরার বংশীধারী ঘোষের কন্যাকে বিবাহ করেন। তাঁহার স্ত্রী অতি সাধ্যা এবং পরমা কুন্দরী। স্বামীর সুখে সুখী, ও স্বামীর ছঃখে ছঃখী,স্বামীর জন্য যদি অন্ন জল ত্যাগ করিয়া পথের কাঙ্গালিনী হইতে হয় তাহা-তেও তিনি প্রস্তুত, কিন্তু পামর বাবুর তাহার প্রতি ততটা ছিল না ; ইহা অতি আক্ষেপের বিষয় I ভালবাস: উভয়তঃ না ২ইলে প্রকৃত প্রেম হয় না। পামর বাবু বিবাহপর্যান্ত কথন স্ত্রী অন্তরাণি হয়েন লাই: অথচ স্ত্রী তাহার প্রতি বিরাগ না হন, তাহা সর্কদা চিন্তা করিতেন। তিনি বিবাহের পর পর্ণ্যন্ত স্ত্রীর সহিত উত্তমকপে বাক্য আলাপ করেন নাই, সুতরাং স্ত্রী যে কি বস্তু তাহা তিনি জানিতেন না। এ বিষয়ে তিনি পাণওররপ ছিলেন। ভাঁহার সংকার ছিল যে বিবাহিতা জ্রী স্বামীর যতু করিবে; এবং राहारच काची जान शास्त्रन, ও सूशी हरसन, ভাহাই তাহাদের সম্পর্ণরূপে চেষ্টা করা উচিত।

স্বামীর কর্ত্তব্য কর্ম্ম যে স্ত্রীর ভাত কাপড়ের অনাটন না হয়; কিন্তু স্বামীর স্ত্রীর প্রতি কি কর্ত্তব্য তাহা তাহার কিছু জ্ঞান ছিলনা। এদানী ইয়ং বেঙ্গাল নামে নব্য দলেরা প্রায় এই কাপ সকলেই, তবে শতের মধ্যে একটা ভাল থাকলেও থাকতে পারে।

পামর বাবুর জ্রী পাপ কাহাকে বলে তাহা জানেন না, মন্দ কথা ও পরের অমঙ্গল ক-খন চেষ্টা করেন নাই, পর্নিন্দা, পরপীড়া কথা সকল তিনি জানিতেন না, অথচ যাঁবজ্জী-বন সকল পার্থিব সুখে বঞ্চিত ছিলেন। ভাল থেলে আর ভাল পরলে তো সুখী হয় না / ধনেতে কিয়া গহনাতেও সুখী করেনা। সুখ একটা স্বতন্তর বস্তু; ইহাকে সাধিলে সিদ্ধ হয়, নচেৎ হয় না। অনেক রাজার রাণীর সুখ নাই, কিন্তু পথের কাঙ্গালিনীর মুখ আছে। মনের মিল ও व्याकाङ्या ना थाकिएन आयु सूथी इय । स्वामीत कौवज्ञभाव शामतं वावृत खीटक आत्र देवथवा যন্ত্রণা ভোগ করিতে হইয়াছিল, কিন্তু তিনি সে ছুঃখে ছুঃখী হুইভেন না, হুতভঃ পরতঃ

কেবল ভাঁহার স্বামীর সুখ অনুষ্ঠাণ করিতেন।
তিনি অতি বুদ্ধিমতী ও ধৈর্য্যাবলম্বিনী ছিলেন,
একারণে ভাঁহার স্বামীর বোধ হইত না যে তিনি
সদা সর্বাদা অসুখী থাকিতেন। তাহার স্ত্রী
এক একবার মনে করিতেন যে তিনি জন্মান্তরে
না জানি কত পাপ করিয়াছেন, নতুবা এত ক্লেশ
কেন ভোগ করিতে হইবে। অবলা নারীর
ছঃখের উপায় কিছু নাই কেবল মাত্র ভগবান!
স্কলি ভাঁহার ইচ্ছা, যদি ক্লেশ পাইলে পরে
মঙ্গল হয় তো হোক, এই বলিয়া মনকে প্রবোধ
দিতেন।

ভারতবর্ষের হিন্দু মহিলাগণের ছু:খ ভাবিতে গেলে হৃদয় বিদীর্ণ হয়, আমরাতো সামান্য মনুষ্য, বোধ করি প্রকাশ করিয়া বলিলে পাষাণও ভেদ হয়। এদানী আমাদিগের নব্য বাবুরা ইংরাজদিগের নকল করিতে গিয়া কেবল ভাহা-দের অধিকাংশ দোষ প্রাপ্ত হন, গুণ প্রায় অপ্প লোকে পান ইহ। অতি সামান্য আক্ষেপের বিষয় নহে। ইংরাজেরা ভাহারদের স্ত্রীর সহিত সর্বদা সহবাস করিয়া প্রকৃত প্রেম লাভ করে। তাহারা যেখানে যার প্রায় আপনাপন স্ত্রী সম-ভিব্যাহারে থাকে। ভাই ভগ্নি ও পিতা মাতার প্রতি ক্র্ত্রিয় কর্ম্ম করে। আমরা কেবল তাহা-দের মদিরিকা পানের নকল প্রাপ্ত হইয়াছি, আর কিছু নয়, অনেকেই সাহেব হতে ইচ্ছা করেন তাহা মুখে না বলিয়া কাজে করিলেই বড় সুখজনক হয়। অাবধি আমাদের স্ত্রী শিক্ষা উত্তমত্রপে হয় নাই, বাল্যবিবাহ নিবা-রণ হয় নাই, বিধবা বিবাহও প্রচলিত হয় নাই তবে আমরা কি প্রকারে ইংরাজদিগের সহিত তুলন। দিব ? ইংরাজেরা আমানের অপেকা অনেকগুণে শ্রেষ্ঠ, তাহার কিছু মাত্র সন্দেহ নাই। "যেমন পোড়ারমুঝো দেবতা তেমনি খুঁটের পাঁব নৈবেদ্য " যেমন আমাদের বুদ্ধি তেমনি আমাদের পুরুষাত্রক্রমে চাল জুটেচে; সুতরাং যেমন "মিছে কথা ছেঁচা জল" থাকে না, তেমনি ইংরাজদের নকল করিতে গেলে আমাদের নিজ মূর্ত্তি প্রকাশ হয়। এ বিষয়ে অধিক লেখা হইয়াছে, ও এখন অনেক লেখা যায়, কিন্তু অনুমরা স্থানাভাবে ক্ষান্ত হইলাম।

সত্য বটে, যে সকল দেশে, সকল জাতে, দোষ গুণ আছে: কিন্তু আমাদের বলিবার তাৎপর্য্য যে বাঙ্গালিদিগের দোষ অধিক, গুণ কম, বরং সাবেক রকম ছিল ভাল, ইদানী নব্য দলের কথা যত কম বলা যায় ততই ভাল; যাহাদিগের ঘরে অর্থ আছে তাহাদিগের ছেলেরা প্রায় " আলালের ঘরের ছুলালের" মতিলালের মত; মধ্যবিত লোকেদের ছেলেরা অনেক ভাল, এবং ঞাহাদের গুণও আছে; ঈশ্বর করুনু ইহাদের मल मिन मिन वृद्धि श्हेश ভারতবর্ষের **এ**। वृद्धि रुडेक।

সপ্তম অধ্যায়।

বিদ্যারত্বং মহাধনং

না বুঝিয়া দেখি লোকে মোহিত হইয়া। বিগর্হিত কার্য্য করে কুকর্ম্মে মজিয়া।। জ্ঞানের উদয় হয় যথন অন্তরে। পাপ পরিহর জন্য স্মরে পরাৎপরে।

রজনী ঘোর অন্ধকার, আকাশ মেঘে পরিপূর্ণ,
মধ্যে মধ্যে বিছাৎ চিক্মিক্ করিতেছে; ও
গুড়ং গুড়ং করিয়া ডাকিতেছে, র্ফি কোঁটাং
পড়িতেছে, নিকটবর্ত্তী লোক চেনা ভার, ঝড়
বাতাস বেগে বহিতেছে, রক্ষ সকল দোছল্যমান,
গঙ্গার তরঙ্গ সকল নানা রঙ্গে কলং ধ্বনিতে
নৃত্য করিতেছে, মাঝিরা নৌকা সামালং করিতেছে,কীট পক্ষি পতঙ্গ সকল নিস্তন্ধ ইইয়া রহিযাছে। পামর বাবু বৈঠকখানায় বসিয়া তামাক

খাইতেছেন ও বলিতেছেন, গদাধর ! আজেকের রকম তো বড় ভাল নয়, আমার মনে নানা রকম ভাব উদয় হইতেছে, বুঝি আর মুকোচুরি থাকে না !

গদাধর। ঈশ্বরের স্ঠি অদ্ভুত, এবং তাঁহার মহিমা অপার! দেখুন একেবারে হঠাৎ ঘোর করিয়া র্ঠি আইল ইহার পুর্নেক কিছু জানা গিয়াছিলনা; বোধ হয় আপনার বজ্ঞের ক্ড়মড়্ শব্দে ত্রাস হইয়া থাকিবে, অন্য কিছু নয়।

পামর। ওহে সে ত্রাস নর, আমার কেমন মন অস্থির হইতেছে, এই ভর, পাছে কোন ছুর্চ-টনা হয়, না হবার কারণ নাই, আমি বড় পাপি, আর ঢের মুকোচুরি করিয়াছি, তজ্জন্য এখন আমার সন্তাপ হইতেছে।

গদাধর। মহাশয়! পাপি যদি বলিলেন তোসে আমি; আমি কি ছিলাম আর কি হোলেম!!! ঈশ্বর আপনাকে ধনে পুত্রে লক্ষ্মী লাভ করাইয়াছেন, আপনার পাপ কিসে? ডিনি যাহাদের ভাল বাসেন তাহাদের মঙ্গল করেন, স্কুতরাং আপনি পাপি হইলে ঈশ্বর সামুকুল হইতেন না।

পামর। ধন আর ঐশ্বর্যা থাকিলে কি ধার্ম্মিক ও সুখী হয়; তা নয়, আমি অনেক পাপ করি-য়াছি, তাহা প্রকাশ করিলে যদি কিছু শান্তি হয় তো বলি!

গদাধর। ঈশ্বর মঙ্গলময় ও সর্ক স্থুপদাতা,
আপনি সন্তাপ করিলে ক্ষমা পাইবেন ও মঙ্গল
হইবে। আমার অবস্থার ভিন্নতা হওয়াতে
আমি মন প্রাণ সব ঈশ্বরকে সমর্পণ করিয়াছি
এবং আমার সেই নিমিত্তে কিছুতেই ভয় নাই,
তিনি অভয় প্রদান করিয়াছেন।

পামর। তুমি তো একজন উদাসিনের মত, তোমার কথা ছেড়ে দেও; এখন আমার দশা কি হবে ? আজ কেমন আমার ক্রেম্বরিষয় আলো-চনা করিতে ইচ্ছা হইতেছে, ইহাতো সকল সময়ে হয় না, বোধ হয় আমার পাপের কলসী পুর্ণ হইয়াছে, আর ধরে না,! মুকোচুরি বেরিয়ে পড়ে।

গদাধর। ,যেমন অতিশয় গ্রীষ্ম হইলে র্ফি

হয়, তেমনি মন্নযোর কুমতি রূদ্ধি হইলৈ সুম-তির উদয় হয়।

পামর। তোমার কথা শুনে আমার শ্রীর লোমাঞ্চ হইতেছে। আমি জন্মাব্ধি কথন ঈশ্বরের চিন্তা ক্রি নাই। ঈশ্বর যে আছেন তাহা বড় প্রত্যয় হইত না, কিন্তু মনুয়োর ভাব প্রায় সকল সময়ে সমান থাকে না, এজন্য আজ তাঁহার প্রতি আমার দৃঢ় বিশ্বাস জন্মিয়াছে, যুদি তিনি অনুকুল হয়েন তবে আমার পাপের অনেক পরিত্রাণ হইবে তাহার সন্দেহ নাই। আমি চিরকাল নাস্তিক ছিলাম, স্ত্রী আমার সতী লক্ষী, তাহার সহিত কখন আলাপ করি নাই, বরাবর তাহাকে অবহেলা ও তেজ্য করি-য়াছি, না জানি তিনি কত ছু:খিতা আছেন। পিতা মাতা, ও ভাই ভগ্নির, প্রতি কর্ত্তর্য কর্ম্ম করি নাই, না জানি, তাঁহারা কত অভিশাপ দিয়াছেন, অর্থের সন্থায় করি নাই, দেশের ও প্রতিবাসির প্রতি কর্ত্তব্য কর্ম্ম করি নাই। আর অধিক কি বলিব, পরস্ত্রী যাহাদের ভগ্নির স্বরূপ দেখিতে হয়, নেশা ও মোহবশে আর্ত হইয়া ভাষাদের অমঙ্গল ও কুপথগামিনী করিয়াছি।
আমি ভাবিতে গেলে ভাবনার সাগরে পড়ি,
তাহার কুল কিনারা নাই; ও পাপের কথা সকল
স্মরণ করিতে গেলে বোধ হয় অনুতাপ অনলে দক্ষ হইতে হয়, ভারতে আমার ভার আর
সহ্য হয় না। এজন্য আমার মনে আজ নানা
রক্ম ভাব উদয় হইতেছে।

গদাধর। মহাশার অত ভাববেন না!
আমিও এককালে আপনার মত ছিলাম। আর
পৃথিবীর তাবং লোক প্রায় এইকপ, কিঁন্তু মন্দ
' থেকে ভাল হলে আরো প্রশংসনীয় হয়। এখন
আপনি গত পাপের জন্য সন্তাপ করুন,
নতাপেতে পাগের হাস হয়; এবং ভবিষ্যতে
যাহাতে ভাল হয় তাহা করুন্। আমার বোধ
হয় আগোনার একবার দেশভ্রমণ করিলে শরীরের ও মনের মঙ্গল হইবে।

পানর। ভুমি যাহা বলিতেছ তাহা গ্রাহ্য-নীয়, এখন আমি যাই, আমার স্ত্রী যদিক্ষমা করেন, তা হলে আমি পশ্চিমাঞ্চলে ভ্রমণ করিয়া আমাব এ তাপিত মনকে শীতল করিব, নতুবা এ দেহে আমার কাষ নাই, আমার প্রিয় ভার্যার ক্ষম প্রার্থনাতে আপন চিত্ত আছতি দিব। কলিকাতার লীলা আমার আজ উজ্জাপন হলো, মুকোচুরিও এক রকম শেষ হলো তুমি আমার মঙ্গল যাহাতে হয় তাহার আয়োজন কর। তোমার নিকট আমি সব ভার সমর্পণ করিলাম।

ক্রমে রজনী ঘোর অন্ধানর হইয়া উঠিল, র্ফি মুষলধারে পড়িতে লাগিল; বজ্ঞ কড়্মড়্ হড়্হড়্ করিতে লাগিল, চারিদিক অন্ধানময়, পামর বাবুর স্ত্রী মেনকা জানালায় বিসিয়া আ-কাশের তর্জ্জন গর্জ্জন দেখিতেছেন, ও এক এক-বার ভাবিতেছেন, না জানি আমার স্বামী এ সময় কোথায় গিয়াছেন, ও কত ক্লেশ হইতেছে। এমন সময়ে পামর বাবু তাহার নিকট উপস্থিত হইয়া বলিল, প্রিয়ে! তোমার সহিত আমার অনেক কথা আছে, যদি শোন তো বলি?

মেনকা। কি বলিলে নাথ! আমি তোমার কথা শুনবো কি না? আজ কি সুপ্রভাত, যে তুমি আমার কাছে এদে কথা কহিলে, এমন তো কখন হয় না! আজ কি ভুলে এসেছ বুঝি, কিছু নুকোচুরি তো নাই ?

পামর। প্রিয়ে! আমি তোমার নিকট যে কত অপরাধী তাহা বলিবার নয়, আমার পাপের সীমা নাই! তোমাকে যে কত ক্লেশ দিয়াছি ও কত ছংখিনী করিয়াছি তা কবার নয় (এই বলিয়া পায়ে হাত দিয়া) এখন এই মিনতি করি যে আমায় ক্ষমা কর। সকল দোষের ক্ষমা আছে, আমার কি এদোষের ক্ষমা নাই? যদি না থাকে, তবে এ প্রাণত্যাগ করিন্দ, যদি তুমি ক্ষমা কর, তবে আমার মন প্রাণ সব তোমাকে আছতি দিব।

মেনকা। সে কি নাথ ? তুমি কি দোষ করি-রাছ, যে, আমি তোমাকৈ ক্ষমা করিব, বুঝি আ-মার কোন দোষ হইয়াছে, তা হয়তো বল, আমি ক্ষমা চাহি। আমার নিকট তোমার কোন দোষ হয় নাই, আর আমাকে তুমি কখন অসুখী কর নাই। আমি তোমার সুখে সুখী, তোমার ছুংখে ছুংখী, তুমি ভাল থাকিলেই, আমি ভাল থাকি, ইহার জন্য যদি আমার প্রাণ যায় সে ও স্বীকার তবু তোমায় অসুখী করিয়া আমি সুগ্নী হইতে চাইনা।

পামর। এত গুণ না থাক্লেই বা হবে কেন? হা বিধাতা! এমন স্ত্রীর সহিত আমি বাক্যালাপ করি নাই? কি পোড়া অদেষ্ট,এমন রত্ন পরকও করি নাই? যার এমন স্ত্রী আছে, তার সুথের সীমা নাই। প্রিয়সি! আমি অতি নিষ্ঠুর, বিধাতা কি আমার হৃদয় পাষাণ দিয়া নির্দ্রাণ করিয়াছেন, যে তোমার এত ক্লেশ আমি দেখেও দেখি নাই? হায়! হায়! ধিক্ এ জীবন! (যোড়হাতে) প্রিয়ে আমায় ক্লমা কর?

মেনকা। প্রাণনাথ! উঠ, উঠ, তোমার কোন দোব নাই, সকলি আমার অদেষ্টের দোব, তুমি যে এত দিন আমায় ত্যাগ করে ভাল ছিলে সেই ভালতেই ভাল। আমি অবলা নারী, কি-ছুই জানিনা, না জানি আমার জন্য তুমি কত অসুখী ছিলে? প্রাণনাথ! আমাকে তাহার জন্ম অবহেলা করিও না, আমি তোমারই, নাথ! আমি চিরকাল তোমারই!

পামর। প্রিয়ে! মোহবশে মুগ্ধ হইয়া তোমায় এত দিন ভুলিয়া ছিলাম। স্ত্রী যে কি পদার্থ তাহা এখন আমার বোধ হইল। যে সংসারে সুশিক্ষিতা স্ত্রী নাই, সে সংসার বোধ হয় অন্ধ-কার থাকে। আমার স্থায় নরাধম আর নাই; বিবাহ কালীন যে স্ত্রীকে অঙ্গীকার ও শপথ করিয়াছি, যে চিরকাল একত্রে প্রেম করিয়া সুখী হইব; তাহাকে আমি এতদিন যৎপরোনাস্তি ক্লেশ দিয়াছি, ও কখন জিজ্ঞাসা করি নাই, যে ্বেঁচে আছে কি মরেছে? এ প্রাণে ধিকু ধিকু! আমি তোমাকে যে নিগ্রহ করিয়াছি তাহার ক্ষমা নাই। এখন আমার মনে ঘূণা হইয়াছে, ও বাঁচিতে সাধ নাই, পৃথিবি ! তুমি দোফাঁক্ হও আমি তোমার ভিতর যাই (রোদন)।

মেনকা। প্রাণনাথ! স্থির হও, আর রোদন করিও না, আমি তোমার প্রতি কখন কথাতে কার্য্যতে কি মনেতে বিরক্ত হই নাই। আমার কপাল পোড়া না হলে বিবাহ পর্যান্ত কখন মুখ দেখিলে না কেন? বিধাতা আমার অদেষ্টে যে ভোগ লিথেছে তা কে খণ্ডাবে বল? সকলি আমার কপালের দোষ, তোমার দোষ কিছু নাই, তুমি তজ্জন্য চিন্তা করিও না। এখন আমার ছঃ-থের অগ্নি নির্কাণ হলো; বুঝি এত দিনের পর বিধাতা আমায় সুখরত্ব দিলেন, দেখো নাথ, আর যেন সুকোচুরি করোনা।

পামর। প্রাণ প্রিয়সি! তোমার কথা শুনিয়া আমার মনে এখন ভরসা হইল; কিন্তু পাপের প্রায়শ্চিত্ত চাই। আমি পাঁচ বৎসর কর্ম্ব করিয়া দেশ ভ্রমণ করে সৎপতি হইলে তোমার নিকট আসিয়া সহবাস করিব। এখন চল্লেম, প্রিয়সি! আমায় বিদায় দাও, যদি সময় ৰশতঃ ও কাল সহকারে পতিত হইয়া না আসিয়া পুনঃ সহবাস করিতে পারি, তবে জন্মান্তরে মিলন হইয়া পর-লোকে সহবাস হইবে। প্রিয়সি! আমায় বিদায় দাও, আমি চল্লেম, আর বাধা দিওনা (রোদন) হে পরমেশ্বর! তুমি স্ফি স্থিতি প্রলয়, ও জগ-তের রক্ষা কর্ত্তা, আমার পতিত্রতা সতী সাধী স্ত্রীকে রক্ষা করুনু; ও এমত আশা, ও ভরসা দিন, যাহাতে তাহার ইহকালের, ও পরকালের শারী-রিক, ও মানসিক মঙ্গল হয়, এই আমার প্রার্থনা।

মেনকা। প্রাণনাথ! এত যে কঠোর ক্লেশ করে মিলন হলো, তাহা এখন স্বপ্ন স্বৰূপ বোধ হচে। তুমি যেখানে যাও, আর যেখানে থাকো, ভাল থাক্লেই ভাল। আমার মন, প্রাণ, সব তোমার সঙ্গে থাকিবে, আমি কেবল মণি-হার। ফণির স্থায় পড়ে থাক্বো। অবলা কুল নারীর পতিই সর্কস্ব; দেখ, যেন আমায় ভুল না ? যদি একান্ত যাবে তো যাও, আমি তাতে বাধা দিব না। যাহাতে তোমার মঙ্গল হয় তাহাই কর, ঈশ্বর তোমায় রক্ষা করিবেন। আমি তোমায় আমার হৃদয়ের ধন "প্রাণ" উপ-ঢৌকন দিলাম।

পানর। হাঁ প্রিয়ে, তবে চলেম, তুমি স্বচ্ছন্দে গৃহকার্য্য সকল নির্কাহ কর, আমি প্রচুর অর্থ রাথিয়া গেলাম; সময়ে সময়ে অবকাশ হইলে এই তুর্ভাগাকে এক এক বার স্মরণ করো, এখন যাই ১

মেনকা। নাথ! "যাই" বলোনা, আসি, বলে যাও।

অফ্টম অধ্যায়।

-:*:-

মোদাহেবদের তুর্গোবিপত্তি

ভোষামদে দিনপাতে সদা সূথী নয়।
পরের অধীন কভু আধীন না হয়।
ব্যবসা কি বিদ্যা বলে লভে যারা ধন।
ভারাই এ ধরাধানে মনুষ্য গণন।।

আখিন মাস, পুজার সময়, ঋতুর পরিবর্ত্তন হইতেছে, হাট বাজার গুল্জার হইয়াছে, রাস্তা ঘাটে লোক থই গই করিতেছে, দোকানি পশারিরা, পুবে ও ঢাকার বাঙ্গালদের পেয়ে বসেছে, তাহাদের নাবার খাবার সময় নাই, এক কোপে কাট্ছে। মহাজনেরা খেরে আদায় কর্ছে, মূতন খাতার ও পুজার সময় দেনা পাওনা এক রকম চুক্তি হিসাব হয়ে থাকে, স্কুতরাং সকলেই খাতা হাতে করে সাত্ কর্তে বেরিয়েছে। বড়বাঙ্গার চিনেবাজার অঞ্চলে যাওয়া ভার, একেতো বার্ন

মাস অংগা, আসাই, ভার হতো! "গতা বছ্নাস্তায়২ বে শ্পাতিষ্টতি শর্কার ইতি চিত্তে সমুকরে যুরচে, ন রঞ্জন" এর মানে "যার বে টাকাটা, সিলে পাড়া পড়সির ঘুম নাই" আন্ধর্চ্চাদি কম্পের্গছে, আমরাই ভুগ্বো, অস্তেবা নাচ গান হচ্টো বুবোচ্!

কাপড় চোপড় পরে ধ হাঁসিও পায়, না হেসে য়েছে, কোথায় বা যাত্রা তোমায় কে পড়িয়েদিকে গোলযোগ, কলিন পারো? সেঁ বেটার
নাই! এ সময় মজার তাহদ তোমার তো
কি বড় লোক সকলেরই আনন্দের তোমার
কিন্তু ক্ষেত্রনাথের মন ভাল নহে, কাজে দিরি
কিছু আমোদ হয় না, চুড়ামনিরও প্রায় তবে
ধিক, পূজার সময় কোথায় কিছু যোগাড় না
হওয়াতে, সব অন্ধকার দেখিতেছেন,ও মাঝে
মাঝে বলিতেছেন কলিকাতায় সব মুকোচুরি!

চুড়ামণি। ওহে ক্ষেত্তর ! আমি যে সব ধোঁ। দেখছি ? আমাদের পামর বাবু তো ত্রজভূমি অন্ধকার করে চল্লেন, বুঝি আমাদের সোণার ফুন্দাবন এড দিনের পর শৃত্যবন হলো। পুজার

ন কাপড় অফীম অধ্যায়।

—:*: শড়ের ভাবনা, মোসাহেবদের তুর্গো^{র্}তে ভাঙ্গা কুলো গ্রান সে আশাও

কপাল ভেঙ্গে গেছে!

ভোষামদে দিনপা প্রিন মূল্য" না পেলে তো পরের অধীন দ

" ব্যবসাকি '

_{তারাই}ঃহে! আমারও ঐ দশা, দেখচো,

আশি বলকণ হলে বিধাতার দৃষ্টি কম পড়ে? হটা ড়বে বা কেন? শাস্ত্রে যা আছে তা কি থেয়া হয়?

ক্ষেত্র। কও চুড়ামণি, এর শাস্ত্রটা আবার কি? আমাদের পোড়া কপাল পুড়ে গেছে, তা শাস্ত্রে কি কর্বে, এর ভিতর ও তোমার স্থকো-চুরি?

চুড়ামণি। ওহে শাস্ত্রছাড়া কি কর্ম আছে? ভাগিগদ ছেলে বেলা ন্যায় আর নীতি শাস্ত্রটা মন দিয়ে পড়ে ছিলেম, না হোলে লোকের: কাছে যাওয়া, আসাই, ভার হতো! "গতা বছতরাকান্তে সম্পাতিষ্টতি শর্কার ইতি চিত্তে সমুধায় কুরু সজ্জন রঞ্জন" এর মানে "যার বে
তার মনে নাই, পাড়া পড়সির ঘুম নাই" আনাদের ক্লেশ হয়েছে, আমরাই ভুগ্বো, অত্যে
সইবে কেন? ভাবটা বুঝেচ্!

ক্ষেত্র। পোড়ারমুখে হাঁসিও পায়, না হেসে থাক্তে পারি না, চুড়ামণি তোমায় কে পড়িয়ে-ছিল, তাকে আমায় দেখাতে পারো? সেঁ বেটার "বিদ্যা যে অগাদ দেখতে পাচ্ছি! তোমার তো হবেই, যেমন গুরু তেমি শিঘ্য, সংক্ষৃত তোমার কপ্তস্থ হয়েছে, কেমন গা? এবার বাবা ফুকোচুরি বেরিয়ে পড়েছে!

চুড়ামণি। সংক্ষৃত বিষয়ে আমি প্রায় জগনাথ তর্কপঞ্চানন। আপ্শোষ যে লোক নেই, কার কাছে পরিচয় দি। এখানকার পণ্ডিতদের কথা কিছু বলোনা, তারা মূর্থ, বেলিকের শেষ, কেবল বড় মানুষের মন আর অবিদ্যা যুগিয়ে বেড়ায়, লেখা পড়ার চর্চ্চা প্রায় উঠে গেছে।

ক্ষেত্র। মহাশয়ের যে রকম বিদ্যা দেখা গেল, এমন অতি কম লোকের আছে। তোমার গুণের বালাই লয়ে মরি, যা হোক্ চক্ষু কর্ণের বিবাদ মিটে গেল, সেই ভালতেই ভাল। আর কাজ নাই, মুকোচুরি গুলোও আদি কিছু কিছু বুঝি।

চুড়ামণি। মিছে আর বিদ্যা বুদ্ধির কথা কইলে কি হবে তা বল? এখানে বিদ্যার আদর নাই, চল পামর বাবুর কাছে গিয়ে টোপ ফেলা যাকু।

ক্ষেত্র। সে গুড়ে বালি! বাবুতো পৈতে পুড়িয়ে ব্রহ্মচারী হয়েছেন। টোপ ফেল্লে আর কি হবে বল? এক আদ-টা পুঁটিও পড়্বেনা!

চুড়ামণি। তবে চল বেরিয়ে পড়ি, কোথা-কার জল কোথার পড়ে দেখা যাক্। আমাদের কপাল কি এমি ভেঙ্গে গেছে হে, যে যোড়া গাঁতা দিলেও চল্বেনা! ভাল, একবার পশ্চিমা-গুলে গিয়ে দেখা যাক্না, কি হতে কি হয়, সেখানে তো আর মুকোচুরি নাই ? ক্ষেত্র। যাবে ত চল, আমার তো এগুলেই হলো, কথায় বলে "ভাত থাবি না হাত ধোব কোথায়" আমি যেমন কোরে আছি তা শক্র যেন না থাকে "না মরি না বাঁচি, আড়া আগুলে পড়ে আছি " এখানেই হোক্ বা পশ্চিমেই হোক্ এক রকম করে কেটে গেলেই হলো, আমার এখন "দিন গত পাপ ক্ষয়"।

চুড়ামনি। তোমার যে "অর্গুণ নেই বর্গুণ আছে" কথায় কথায় হিঁয়ালী ঝাড় চো, বুড়ো রসের মুড়ো, যা হোক্ চল একবার দেখা যাক্ "আমাদের কপালে অফরস্তা" আছে, কি আর কিছু? কিন্তু বলতে কি, যে দিন, খ্যান পড়েছে "না আঁচালে বিশ্বাস নেই" মুকোচুরি ছাড়াতো কিছু নাই।

নবম অধ্যায়।

"অবাক কলি পাপে ভরা"

চরিত্র শোধন যদি আগে নাহি হয়।
থেখানে যাইবে দোষ সহ তার রয়।
অবাক হয়েছে লোকে পাপে ভরা ধরা।
, সবার উচিত তাহা সংশোধন করা।।

পামর বাবু নানা দেশ বিদেশ ভ্রমণ করিয়া বারানসী পৌছিলেন, এবং কিছু দিবস ঐথানে বাস করাতে কুমার শশীনাথের সহিত প্রণয় হইল। কুমার বাহাতুর রাজা ফটিকটাদের পুত্র, নিবাস দক্ষিণ, লেখা পড়া কলিকাতায় শিক্ষা হওয়াতে, ইংরাজী ভিন্ন বাঙ্গালা বড় ভাল কহিতে পারেন না। কুমারের বাপের তালুক আছে, সরকারি মালগুজারী বাদে, প্রায় কম বেস ১৬০ মাসিক আয়, এবং ইহার মধ্যে বাপ পোয়ের এক রকম দিনপাত হয়। অবশেষে হাতচিঠিকাটা। এ এক কলিকাতার মুকোচুরি।

শেলাইপাড়া নিবাসী রামলাল আষ মহা-শয় বরাবর দালালি করিতেন, কিন্তু চিনেবাজারে ভাঁহার নীলেথেলা সম্বরণ হওয়াতে ভাঁহাকে সর্তে হইল। রামলাল তাহার পর যাত্রার অধিকারিগিরী, ও অন্যান্য দালালি করিয়া, বাবু ভেয়ের মন যুগিয়ে বেস দশটাকা রোজগার করিতেন; পরে কুমার শশীনাথ যৎকালীন কলি-কাতায় ইংরাজী পড়িতে আসিয়াছিলেন, তথন রামলালকে তিনি Aidde camp পদে নিযুক্ত ্করিয়া মাসিক বেতন ১৷০ তেল কাট, আর থোরাক পেষোক বরান্দ করিয়া দেওয়াতে রাম-লাল ইয়ারকির মৌতাতে তাহাই একদেপ্ট Accept कविदलन ।

ক্ষেত্রনাথ ও চুড়ামনি আর কাপ্তেন না পাইয়া বারানসীতে কুমার শশীনাথের শরণাগত হইয়া পাড়িলেন। শশীনাথের এই চতুর্ক্গীয় সভা স্কুতরাং বড় গুল্জার হইল, আর ইমিটেসন্ Imitation বাবুগিরি এক রক্ম বেস চলিতে লাগিল। পামর বাবুর পূর্ক পরিচয় ইহারদের নিকট বিশেষ্ণ অবগত হইলেন। একদা শশী- নাথ Full ফুল মজলিসে বসে আছেন, এমত সময়ে পামর বাবু তাঁহার সহিত সাক্ষাৎ করিতে গেলেন।

শশীনাথ। Good Morning, how are you today? আমি তোমাকে Expect করিতেছিলাম, ভূমি এতক্ষণ আমো নাই কেন? Consider my house যেন তোমার During your stay here.

পামর। মহাশয় আমি এখানে অধিক দিবস থাকিব না, না হইলে আপনার বাটীতে আসি-তাম।

কাশীনাথ। oh indeed! but you must spend a day or two with me বুক্লে কি না what say you রাম ?

রাম। তার কি আর কথা আছে, আর না থাকুবার origin কি ?

পামর। মহাশয় যদি কোন ধর্ম বিষয় বা অক্ত কোন আলোচনা করেন্, যাহাতে মনের ও জীব আত্মার আহার পাওয়া যায়, তাহা হইলে আমি যে কয় দিবস এখানে থাকি, আপনার বাটীতে নিয়ত হাজির থাকিব। এতে আমার মুকোচুরি কিছু মাত্র নাই ?

শশীনাথ। oh indeed! তোমার তো আ-হার পাইলেই হলে। why did you not say that? রাম! tell some body to bring some glasses আর এক বোতল ব্রাভি, আর কিছু ভাজা ভুজি?

রাম। ওরে শ্রীনাথ! শ্রীনাথ!

জীনাথ। আজে!

রাম। ব্রাণ্ডি, গ্ল্যাস, ট্রাস, গুলো নিয়ে আয় না, ব্যাটা ডাক্লে বুঝ্তে পারিস নে ?

শ্রীনাথ। আছে হ্যা! বুঝ্তে অনেক কাল পেরেছি! (স্থগত) এসব চোর। গোপ্তান বইতো না, বাবুদের এদিকে ঢাল সম্বর হচ্ছে, আবার ওদিকে হিন্দু সমাজে গিয়া সনাতন ধর্ম যাতে বজায় থাকে তারও উপায় কচ্ছেন, বলিহারি যাই!!!

রাম। মহাশয়! আপনার বাটীর চাকরর।
বজ তিট্নয়, ব্যাটারা ইসারা বুক্তে পারে ন।—
চাকর যদি বল্লেন, তো আমাদের নীলমাধব
বাবুর চাকর—ব্যাটা, মহাশয়! হাঁ কল্লে পেটের

কথা বোঝে, আর ইসারায় সকল কর্ম করিতে পারে।

শ্রীনাথ। উঃ বাবুর মন আর পাওয়া যায় না; মুভ্যু ভ তামাক্ আর তাই তাই দিচি, তবু আর মন উঠে না বলিয়া; গ্ল্যাস ও ত্রাণ্ডি আ-নিয়া দিল।

শশীনাথ। Now my friend, here you are তোমরা আপনা আপনি help কর, কোন ceremony করোনা।

পামর। মহাশয় আমি আর এ কায করি । না, নচেৎ থাইতাম।

শশীনাথ। কেন বল দেখি? there is no harm in taking খুব অলপ quantity as medicinally।

পামর। আমায় ক্ষমা করুন্, আমার এখন প্রয়োজন হচ্চে না। আমি আগে অনেক খাই-য়াছি কিন্তু এখন আর ভাল লাগে না, এবং এতে মজাও পাইনে। আমি কলিকাতার মুকোচুরি অনেক দেখেছি আর সকলি কিছু কিছু বুঝি!

রাম। পামর বাবু! কলিকাতা কত দিন ছাড়ি-

য়াছেন এবং সেখানকার নতুন খবর টবর কিছু কিছু বলুন না শুনা যাক্।

পামর। আমি প্রায় মাসাবধি কলিকাতা ছাড়া, এবং কোন মূতন সংবাদ নাই। কলিকাতা যেমন তেম্নি আছে; চোহেল, মজা ও আমো-দের চূড়ান্ত হচ্ছে! মূতন মূতন বহি লেখা হচ্ছে, মূতন মূতন মূতন বাবু হচ্ছে, সহর রইং কচ্ছে, আর কত উনপাঁজুরে বরাখুরে ছোঁড়ারা মূতন মূতন সভা স্থাপন কচ্ছে, আর কত বল্বো ? কলিকাতার মুকোচুর তাহদ।

শানাথ। oh indeed! but you must tell me who is this হঠাৎ বাবু ?

পামর। একটি তো নয়, যে বিশেষ করিয়া বলিব, মহ শয় খুঁজ্তে গেলে শক্র মুখে ছাই দিয়ে অনে চ গুলি আছেন, আর নয়র উত্তরো-ত্তর রৃদ্ধি হইতেছে মুকোচুরিতেই মাথা খেলে!

শশীনাথ। Oh indeed! but let us hear of some of them বুঝ্লে কি না! আমার কাছে আর মুকোচুরি কাজ কি?

পামর। আমি গুটি কতক বলি শুনুন, গুরুদাস গুঁই আজকাল ওয়েলর ঘোড়া চড়িয়া সহর
কাঁপাচেছ, thief garden ইফ্রীটের মৃত্যুঞ্জয় ও
ছঃখিনাথ জুড়ি বেঁধে খুব ইয়ারকি কর ছে, এরা
গয়ায় মট্ও একটি দিয়ে বাপের নাম রেখেছে।
একটি একটি বাবুর গুণের কথা বল্তে গেলে
কাগচ পুরে যায়। মহাশয় ছোঁড়ারা হাড় ভাজা
ভাজা করেছে, আর এদের কথা যত কম বলা
যায় তত্ই ভাল, কিন্তু কিছু না বলিলেতা
কলিকাতার মুকোচুরি ধরা পড়ে না,তাই বল্লেম!

শানাথ। Oh indeed! but how are the old folks getting on? I mean বুড়ো বেটারা, বুঝ্লে কিনা?

পামর। বুড়োরা কিছু ক্ষান্ত আছে। জীবন বাজারের ছোঁ ঢ়ারা প্রায় পেঁচার মত কুপোকাত হয়েছে, পেঁচার এখন চুপ চাপ, আর মুখে কথা সরেনা,মহাশয় পৃথিবী একটু জুড়িয়েছে! পেঁচার যখন বোল বোলা ছিল তখন রাত্রকাল, কিন্তু এখন প্রভাত হওয়াতে আর তার কথা বড় শুনা, যায় না! বোধ হয় তাহার নীলেখেলাও এক রকম ভোর হয়েছে।

শানাথ ৷ oh indeed! but how is the rising class getting on আবু education কেমন হচ্ছে ?

পামর। লেখা পড়ার চর্চ্চা বড় ভাল দে-থিতে পাই না, খান কতক যে যই ছাপা হই-তেছে তাহাতে বিদ্যার লেশ কিছু মাত্র নাই, কেবল true copy। "পশুদিগের প্রতি ব্যবহার" থানিতে বরং কিছু originality আছে, অন্যান্য পুস্তক সকল বিদ্যাসাগরের বর্ণ পরিন্য় পড়িয়া লেখা যায়। আবার আজকাল অনেক school boy নাটক লিখ্ছেন। মহাশয় এই জালায় নাটকের আর আদর নাই, লোকেও পড়ে না, ঠিক যেমন মিসনরির বাইবেল ছাপানো গোছ হয়ে দাঁভিয়েছে, রোজ রোজ ঝোড়া ঝোড়া ছাপা হচে অথ্চ কেউ পাতা উল্টায় না, আর তাতে রুমও নাই, কমও নাই! আর না টক, না মিটে, কালেক্কে বানু, পাণ্ডত হবে! অত্যেই বলা হয়েছে যে কলিকাতায় ঢের মুকোচুরি আছে,তা মহাশয়! লেথকদের মধ্যেও কিছু কমি
নাই, ধর তে গেলে সকলিই মুকোচুরি!

চুড়ামণি। ভাল, পামর বাবু আপনি তো আমাদের আগে এসেছেন, এখন বলুন দেখি বারাণসী কেমন দেখ্লেন।

পামর। গঙ্গার উপর হইতে বারাণসী দে-খলে বোধ হয়, বিধাতা চিত্রপটে চিত্র করিয়া কাশী নির্মাণ করিয়াছেন। সহরটি এম্নি স্থ-দরে যে দেখলে মন পুলকিত হয়। মহাশয় । আকাশ যদি কাগজ, ও সুমেরু যদি কলম আর গণেশ যদি লেখক হয়, তবে কাশীর মনো-হর দৃশ্য সকল বর্ণনা করা যায়। কাশীতে সুকো-চুরিও তের আছে।

চুড়ামণি। কাশী আমাদের তীর্থস্থান, এখানে আর মুকোচুরি কি আছে? মহাশ্য ছুদিন আ-সিয়া কাশীর কি বা দেখ লেন, তা মুকোচুরি ধরবেন? এতো আর কলকেতা নয়, যে, যা বল-বেন তাই সাজবে?

পামর। বটে হে বটে! আমি ছদিনে ্যা

দেখেছি তাইতে আমার হরিভক্তি উড়ে গেছে আর আমার এক দণ্ডও থাকতে ইচ্ছা হয় না!

চুড়ামণি। কেন মহাশয়! কি দেখলেন, বলুন না, কাশীর মাহাত্মটা কিছু শোনা যাক।

পামর। কাশীতে আছে কি তা বলবো? স্থানটা অতি মনোরম্য, জল বাতাস বড় মন্দ নয়, বাকি সব ফকা! রাঁড়, ঘাঁড়, ঘাট, এই তিনটি নিয়ে কাশী! আর যে সকল কদর্য্য কর্ম্ম এখানে হচ্ছে; বোধ হয় মহাদেবও এখানে না থাকলে ও থাকতে পারেন।

শশীনাথ। oh indeed! but I tell you what you can do, have a peg আর ঢেঁকির কচকচি ক-রোনা, কাশী ভাল কি মন্দ তা আমাদের কি?

পামর। কাশীর প্রতি পূর্ব্বেকার আর সে ভাব নাই, ভক্তিও নাই। এখন কাশীতে মলে শিব হয় না, এখানকার লোকদের ছুশ্চরিত্র ও কুপ্রবৃত্তি যে রকম তা বোধ হয় যে আমাদের কলিকাতা ভাল! আমাদের এখানে দিন কত-কের জন্য আমা বইতে! না, ভাগিগস রেল হয়ে

ছিল, না হলে তাও হতোনা, আর মুকোচুরিও দেখতে পেতেম না।

চুড়ামণি। এতই যদি মৃণ! তবে এলেন কেন? এ গুলি কেবল গ্রহের কর্ম বৈতো নয়। দেখুন দিকি সুথে কলিকাতায় ছিলেন, ও পাঁচ জনকে প্রতিপালন করিতে ছিলেন, তার পর কি যে কুমতি হলো তা বলতে পারিনে, অদেফের ফল, কে খণ্ডাবে? না হলে আমাদের বা এত ক্লেশ হবে কেন? এসব মুকোচুরি বৈতো না!

পামর। চুড়ামণি! আপনাকে তো সবিশেষ বলিয়াছি, আর বারয়ার ও কথা কেন ? আমার বড় সাধ ছিল, যে কাশী দেখে আমার এ তাপিত প্রাণকে শীতল করবো, সে আশা এখন হই-য়াছে, এখন মানস করিয়াছি পুনরায় শীঘ্র কলিকাতা যাইব।

চুড়ামণি। আঃ এমন কি হবে! চলুন? শীঘ্র যাওয়া যাক, বলতে কি! আমার এখানে এক দণ্ড মন টেঁকেনা, "শুভস্য শীঘ্রং" আর দেরি করা বিধি নয়।

পামর। চুড়ামণি মহাশয় ! আমি আর সে

লোক নাই, আমার আহার ব্যবহার সকলি পরিবর্তন হইয়াছে। এখন আমার কেবল এক লক্ষ্য আছে তাই কায়মনোচিত্তে যত্ন করিতেছি! বলুন দেখি এই গানটা কেমন হইয়াছে।

রাগিণী জঙ্গলা থেম্টা। তাল আড় থেম্টা।

পেলে সেই রতনে। তাঁরে রাখি হৃদ পদ্মাসনে।
তাঁকে সদা প্রয়োজন, তিনি সবার প্রিয়জন।।
কাম মোক ধর্ম ধন, দিয়ে তোষেণ, •
থিয় জ্ঞানে তিনি তোষেণদীনজনে।।

চুড়মণি। মহাশয়ের এমন রচনা শক্তি আগে ছিল না ? বলতে কি গানটা উত্তম হইয়াছে।

পামর। সাধলেই সিদ্ধ হয়! তুমি যদি আলো চনা কর তো তোমার ও হবে। মনকে যে দিকে লইয়া যাবে, সেই দিকে যাবে। যদি স্থপথে যাও, তো মনের সুমতি হবে, আর কুপথে যাও তো কুমতি হবে, আর কুবেণ ই মন্দ। শুকুন দিকি আর একটি গাই।

রাগিণী জয় হয়ন্তী। তাল চৌতাল।

তাই কি মনে করে বসে আছ বিরলে রে মন ।
নয়ন মুদিত করে তাঁকে দেখিবে অপন।।
পাপ দোষ পরিহর, সাধ তাঁরে নিরস্তর,
গর্ম ধর্ম কর যদি পাবে দরশন।
ছারা স্তুত বন্ধুগণে, বিষয়াদি বিসর্জ্জনে,
ভাব তাঁরে এক মনে,তবে হইবে চিন্ত শোধন।।
পরম পরমেশং, অমৃতানন্দ রূপং, হদে কর শরণং,
কালের যন্ধ্রণা আর হবে না কখন।।

শশীনাথ। Oh indeed! কিন্তু তুমি বেস improvement করেছতো "বায়নাং বিচিত্র গতি"

চুড়ামনি। তাইতো গা! পামর বাবু যে এক জন কেই বিষ্ণুর মধ্যে হয়ে পড়লেন, ইনি যে বর্ণ চোরা আঁব, একে চেনা ভার, বাবা ঐ পেটে এত মুকোচুরি ছিল!!!

পামর। বানু পণ্ডিত হবে তো আমি বাকি থাকি কেন! সে যাহা হউক আমার এতই কি দেখলে যে তোমার চোক টাটাচ্চে, এখন বিদায় হই।

শ্ৰীনাথ / Oh indeed! but have something

এক গুনাস খাও? সুত্ মুখে যাওয়া টা ভাল হয় না।

পামর। মহাশয়! আমাকে পুনঃ পুনঃ ঐ কথা কেন বল্ছেন, আর কি অন্য কিছু নাই যে আ-মাকে দেন ? একটা পান দিননা কেন,তা হইলেই তো হলো?

চুড়ামণি। বাবা! ছদের স্থাদ কি ঘোলে মিটে! আর জালান কেন! পথে আসুন, না হলে আমিই বা আপনার সঙ্গে গিয়া কি কর্বো?

পামর। ইদানী কি প্রথা হইয়াছে তাহা কিছুই বল্তে পারি না, ভদ্রলোকের কাছে গেলেই আগেকার মতন পান তামাক্ দেয় না। এখন কেবল ব্রাপ্তি; স্থান বিশেষে কাঁচের গ্রাস না চল্লে, রূপার গ্রাস বেরোয়, একি সামাভ্য ছংখের বিষয়। মদেই আমাদের দেশ ছারখার কল্লে, তা আমি বলেই বা কি কর্বো? রাজা মনে না কল্লে আর অন্য উপায় নাই। কালেক্কে যে কতই হবে তা বল্তে পারিনে।

মুকোচুরি করেই আমাদের দেশটা হয়রান পেরে-সান হরে গেল ?

শুনি ছেলে মানুয; জাননা যে মদে কত মজা? What I am offering you. ওতো মদ নয়? ও Mother's milk.

চুড়ানণি। বাবা। তার আর কথা আছে? মদকে শোধন করে খেলে কি হয় তা জান—"সুধা"
এমন ইজনিল হাইট করেছেলো কে? ইচ্ছা করে
তার বালাই লয়ে মরি!

পানর। মদেই সর্কনাশ হচ্চে তা দেখে শুনেও ছোট বড় অনেকেই খাচে। মজা ক্ষণিক, জুঃখ অধিক, ইহার গুণ কিছু নাই, অপকার সমুদর, মুকোচুরি ঢের!

শলীনাথ। Oh indeed! থান থান, You are going too fast. মদে যে কি মজা হয়, তা যারা থায়, তারাই জানে। মন প্রযুল্ল করে, Mind enlarge. করে, Ideas. নতুন নতুন হয়, ভাব নান' প্রকার আদে, ও ভত্তির উদয় হয়। প্রেম গদগদ করে, প্রকোচুরি কিছু থাকে না, প্রাণ খুলে যায়।

মদ, মাৎসর্য্য, অহন্ধার কিছু মাত্র থাকে না এ জিনিস যারা থেয়েছে—তারা বুঝেছে—অন্যে কি বুক্বে ?

পামর। মহাশর! মদে নানা প্রকার কুমতি উদয় হয়—মদেতে রিপু প্রবল করে, পরস্ত্রী ও পরের দ্রব্য হরণ, এবং প্রাণী হত্যা হয়— এমন জিনিস খাবার কি কল ? এ দিল্লীর লাড্ডু যারা থেয়েছে তারা পস্তাচ্চে, যারা না থেয়েছে তারাও পস্তাচ্চে! আর আমায় সময় নাই, এখন আদি।

চুড়ামনি। বাবা! যদি একটু খেয়ে দেখতে তো টের পেতে! এতে পুল্রশোক নিবারণ হয়, এ জিনিস কি ছাড়তে আছে?

শশীনাথ! Oh indeed! you are going? good byc. আবার দেখা হবেতো?

পামর। মহাশয় আমি আগত কল্য কলিকাতা যাইব, এখন চল্লেম Farewell.

শ্লীনাথ। Oh indeed! but I am also going down to calcutta in a day or two. বেশ্ব হয় আমি ভোমার সঙ্গে একত্রেই যবা However you will hear from; me, good bye for the present.

চুড়ামণি। দেখ্লেন মহাশর ? আমাদের পা-মর বাবু কেমন সুধ্রে গ্যাচেন! কেমন! রাম বাবু কি বলেন?

রাম। আরে রেখে দাও, ও ব্যাটা বেল্লিক, কেবল মদের নিন্দে করে গ্যালে, ব্যাটা নিজে একটি ভূষণ্ডী, যেন কিছুই জানেনা, ন্যাকা, এখন পৈতে পুড়িয়ে ত্রন্দানারী হয়েছে। আমি অমন সব লোকের সঙ্গে স্বর্গেও যেতে চাইনে! কি বল ক্ষেত্র ঠাকুর?

ক্ষেত্রনাথ। আরে ভাই আপনার ছঃখ ধাকাতে মারে যাচ্চি তা আর কি বল্বো বল ?
শুন্ছি সব, কিন্তু মন ভাল নহে কাজে কাজে
ছটো একটা জবাব দিতে পালুম না। ব্যাটার
সঙ্গে কথা কহিতেও ইচ্ছা করে না, আমার
ইহকাল, পরকাল ছকাল খেয়ে; এখন আপনার
মঙ্গল চেফীয় আছে—ওর কি ভাল হবে ? ব্যাটার অন্ত পাওয়া ভার—সব ভিট্কিলেমি—
আর সব মুকোচুরি!

দশন অধ্যায়।

শিকারী বিড়াল গোফে ধরা পড়ে।

যে জন ৰঞ্চা করে উপকারী জনে। কখন তাহার সূখ নাহি এ ভুবনে।। কি রূপে থাকিবে বল অধর্মের ধন। লোভে পাপ পাপে ঘটে অকাল মর্ণ।।

পামর বাবু, কুমার শশীনাথ, রামলাল, চুড়ামণি ও কেত্রনাথ সকলে একত্রে আসিয়া কলিকাতায় পৌছিলেন। কুমার, সহরের অন্তঃপাতি
একথানি বাগান ভাড়া করেয়া রামলালের সহিত
বাস করিলেন। পামা বাবু ভাঁহার আহিরীটোলার বাটাতে গেলেন। চুড়ামণি ক্ষেত্রনাথকে
লইয়া সোণাগাজিতে এক মাটগুদাম কেরায়া
করিয়াপুনরায় সুকোচুরি করিতে আরম্ভ করিল।
সকলকার সময় চিরকাল সমান যায় না, জোয়ায় ভাটা যে গঙ্গাতে আছে এমত নহে,এ সকল

কর্দ্মেতেই আছে, এবং মনুষ্যের অদুষ্টেও আছে।

কালের বিচিত্র গতি! দেখাতে দেখুতে গদাধর ব্যবসা করিয়া বিলক্ষণ দশ টাকা লাভ করিল, এবং অর্থের সদ্যায় করিতে লাগিল। আতুর, অন্ধ, দরিদ্র, তুঃখি লোককে বিশেষ যত্ন ও প্রতিপালন করিতে লাগিল; এবং সেই জন্য তাহার কাজ কর্ম ও উত্তরোত্তর ভাল হট্ল। যদবধি পামর বাবু কলিকাতা হইতে পশ্চিমা-ঞ্চলে গিয়েছিলেন; নেই অব্ধি গদাধর পামর বাবুর স্ত্রীকে ও ভাঁহার সন্তানদিগকে যৎপরো-নান্তি আদরের সহিত প্রতিপালন করিতেন এবং সেই জন্য পামর বাবু ক্তজতা প্রকাশ করি-বারে অত্রে পরিবারের কুশলাদি জানিনা গদা-ধরের নিকট গেলেন।

গদাধর। আস্তে আজ্ঞা হউক—আজ কি সুপ্রভাত যে আপনাকে স্বচ্ছন্দ শরীয়ে পুনরায় কলিকাতায় দেখিলাম।

পামর। হাঁ! আমার সব মঙ্গল বটে, কিন্তু আপনি যে ৰূপ আমার পরিবারের প্রতি আ-চার ব্যবহার করিয়াছেন বোধ করি আপনার ঋণহইতে আমি কথনই মুক্ত হইতে পারিব না, যা হউক বন্ধুর কার্য্য যথার্থই করিয়াছেন।
আপনার মঙ্গলের জন্য আমি ঈশ্বরের নিকট
সতত উপাসনা করিব।

গদাধর। যদি ঋণের কথা বলিলেন তো সে আমার, আমি যে কত উপক্ত আছি, তা কবার নয়। মহাশয় কি একা এলেন ?

পামর। না—চুড়ামণি, ক্ষেত্রনাথ, কুমার শশীনাথ আর রামলাল, আমরা সকলেই একত্রে আসিয়াছি।

গনাধর। চুড়ামণি আর ক্ষেত্তর যে আবার কিরে এলো: এবার তানের রক্মটা বড় ভাল নয়। আর না এসেই বা যায় কোথায়?

পানর। সে যা হ'টক আমার কাছে আর তাদের থাকা হবে না, আমি তো এখন উদাসী-নের মত—আমার আর মোসাহেব দরকার কি ? বরং আমি শশীনাথকে বলে দিব, তাঁর কাছে যাক্, সেথানে আদর হবে, আর মুকোচুরি বেস চল্বে।

গদাধর। আমিও তাই বলি যে ব্রাহ্মণের ছেলে ছুটো মারা না যায়—মহাশয় সততঃ প্রতঃ কোন রকমে ওদের একট। উপায় করে দিন (এই সকল কথা হইতেছে, ইতিমধ্যে কুমার শশীনাথ রামলালের সহিত পামর বাবুর সঙ্গে দেখা ক-রিতে আইলেন)।

শশীনাথ / How do you do? তার, সব ভাল তো Well how do you like the weather?

পামর। আপনার অনুগ্রহে এক রকম অমনি আছি, আমার কথা আর জিজাসা করেন কেন, আমি তো আর দল ভুক্ত নাই ?

শশীনাথ। Oh indeed! তুমি কি একেবারে বয়ে গ্যাছ, Well then, are you coming to the theatre. ?

পামর। না মহাশর! আপ্নি কোন্থিয়ে-টারে যাচ্ছেন?

শশীনাথ। Well I dont exactly recollect the name. গালতি গাধৰ না সালতি সাধৰ এই রকম একটা নাম হবে ?

গদাধর। মহাশয়ের এবার কি উপলক্ষে কলিকাতায় সাসা হলো?

স্ক্রিব্য I To tell you the truth I want so-

me money তুমি যোগাড় করেদিতে পার ? আমি
শীঘ্র আসল মায় সুদ চুকিয়ে দিব My. নায়েব
will be sending a mint of money মাস ছুয়ের মধ্যে
And I really do not know what to do with it.
কিন্তু আপাতত; কিছু টাকার দরকার হয়েছে,
যোগাড় করে দিতে পারো?

গদাধর। বোধ হয় দিতে পারি! আপনি টাকা তো তুই মাস বাদে দিবেন; কিন্তু কিছু বন্ধক না দিলে স্ক্রিধা হবে না, Plain নোটে টাকা বড় সহজে পাওয়া যায় না, আপনার কাছে বলা ভাল, এতে আর মুকোচুরি কি?

শশীনাথ। Oh indeed! আমি টাকা শীঘ্র ফেলে দেব, তার আবার বন্ধক কি? বরং স্কুদ ৪৮ টাকার হিসাবে দেব আমার friends সব এই হারে দেন Now will that satisfy you এতে-তো আর সুকোচুরি নাই।

গদাধর। (পামর বাবুর কানে কানে) মহাশয় কি আজা করেন?

পামর। ওহে আমি ভুকোচুরি কিছু ২ বুরি; ও টাকার সুদ আসল কিছু ই কেরত্ আস্বে না,

তার চিন্তা নাই, কিন্তু যদি উহার উপকার হয় তো না হয় আমার তহবিল থেকে টাকা দেও, শেষে ওর ধর্ম্ম ওর কাছে ?

গদাধর। (প্রকাশ্যে) আচ্ছা মহাশয় আমি দেব ? আপনকার কবে দরকার ?

শশীনাথ। Oh indeed! আমার এখনি হা-জার টাকা দরকার, বুঝলে কি ন। ?

গদাধর। তবে এই টাকা নিন, মহাশয় এর পরে Hand note. পাঠাইয়া দিবেন ?

শাসীনাথ। Thanks, I will not forget you. তোমার যাহাতে ভাল হয়, ভা আমি কর্বো আমার Time over. হলো Good byc.

রাম। মহাশয়! এবার আমার মাহিনাটা অনুগ্রহ করিয়া দিন, আর চলে না! এতো আমার চাক্রি নয়, বাকরি হয়েছে, আর লোকের সঙ্গে ভাঁড়াভাঁড়ি করে নুকোচুরি কর্তে পারি না!

শশীনাথ। Oh indeed ! আচ্ছা তোমায় কিছু দেব, এখন চলো থিয়েটার মাথার থাক, টাকার ঢের দরকার আছে—নতুন গবর্ণর এসেছেন তা পোষাকও নাই যে লেভিতে Levy যাই! ভাগ্-

গিস এ বোকাদের টাকাটা পাওয়া গেল, না হলে আমার বাড়ি ভাড়া দেওয়া ভার হয়েছেল এ সব হুকোচুরি বৈতোনা, বুঝ্লে কি না ?

রাম। মহাশয়! আমিও কিছু কিছু বুঝি ? সে যা হউক এখন চলুন, কলকেতা থেকে সরে পড়া যাক্—আর গদা ব্যাটা বড়ঠেটা ও ব্যাটাকে (Iland note.) হ্যাও নোট দেবার কিছু দরকার নাই—কুকোচুরি করাই ভালো?

শশীনাথ। মিছে নয়, এখন কাজতো হয়ে গ্যাছে,বেটাদের কলা দেখানোই পুরুষের কাজ— এরা সব ভক্তবিটেল আর বিলকুল সুকোচুরি এদের ফাকি দেওয়াই উচিত Infact calcutta is becoming very hot for me. বুঝলে কি না? চল আজ রাত্রের টেনে চলে যাওয়া যাক্।

রাম। যে আকা চলুন, কিন্তু আজ একটা বড় Garden feast ছেলো সেটাতে ফকে গেলুম এই আপশোষ ?

শশীনায়। Oh indeed বটেই তো হে, আ-মার সব Freinds যাবে, আর মজা তাহদ হবে এ-মন কি ? শুনে আমার জিব দিয়ে নাল পড়ছে— থাক্তেও ইচ্ছা হয় না, তোমার কাছে আর মুকোচুরি করে কি হবে, বোধ হয় তুনি কিছু ২ জানো ?

রাম। মহাশয় যে শীকারি; বেড়াল—তা
আমি বেস জানি, আর যারজন্য আপেনার কলিকাতায় আসা—তাও আমি কিছুকিছু বুঝি! এখন
কথানা ওয়ারিন ঝুল্ছে সেটা খুলে বলুন দেখি—
আমার কাছে আর মুকোচুরির প্রিয়জন কি ?

শশীন্থ। তা শক্রর মুখে ছাই দিয়ে, পাঁচ ছরখানি হবে,মোদা আর চলে না! প্রায় সকলে, টের পেয়েছে যে আমি শীকারি বেড়াল। যাহা হউক এ Garden feast. না খেয়ে গেলে মনে বড় খেদ থাক্বে, আর বল্তে কি আমার আজ চারি পাঁচ দিন ভাল করে খাওয়৷ হয়নি কেবল মুয়ুর দাল আর কাঁচকলা ভাতের উপর নির্ভার। রাজে ওয়ারিন ধর্বার যো নাই, সুতরাং আজ মজা করে নিয়ে কাল সকালে গদা বেটাকে কলা দেখিয়ে চলে যাবো, বুঝ্লে কি না?

্রাম। আজা হাঁ আমি কিছু কিছু বুঝি! তবে আর বিলমে প্রয়োজন নাই বরাবর পা গাড়িতে থেতে হবে ন। কি? না হয় এক খানা ছকড়া ভাড়া করবেন?

এইৰূপ কথোপকথন করিতে করিতে, টালার হরগোবিন্দ বাবুর বাগানে উপস্থিত হইলে, সে-খানে সমাদর করিয়া শীকারি রিড়াল বাবুকে বিলক্ষণ মদ্যপান বরাইল-এমন কি নেসাতে অবশ হইয়া, সেইখানে অবস্থিতি করিতে হইল। অন্যহ বাবুরাও পেকে উঠলেন—মজা তাহদ্দ হ-ইতে লাগিল, কোন বাবু গাইতে লাগ্লেন, কোন বাবু ডাইনে বাঁয়া ছোড়া ছুড়ি করিতে আরম্ভ করিলেন, কোন বাবু বা জমি নেওয়াতে তাহাকে জলে চোবাইতে লাগিল, আহারাদি কাহার বা হইল কাহার ও বা না হইল। এই রূপে Garden feast over. হইয়া গেলে বাবুরা নিজ নিজ স্থানে প্রস্থান করিলেন। কুমার শশীনাথ ও রাম-লালের চেতন হওয়াতে দেখ লেন, যে টাকা গুলি পামর বাবুকে ফাঁকি দিয়ে এনেছিলেন সে গুলি পকেটে নাই—স্তরাং অতি বিষণ্ণ বদনে রাস্তায় আসাতে আদালতের লোক কর্তৃক রৃত হইয়া কলিকাতার বড় জেলে অধিবাস করিলেন। কিছু কাল পরে রামলাল থালাস হইয়৸পুনরায় চিনেবাজারে বঙ্কুবিহারি বাবুর সহিত দালালি করিতে লাগিল, এবং তাহাতে দশ টাকা রোজ গার হইতে আরম্ভ হইল। কুমার শশীনাথ জেলে ওলাউঠাতে প্রাণত্যাগ করিলেন।

একাদশ অধ্যায়।

আবদারে ছেলে বানে ভরা।

বুঝিয়ে যে নাহি চলে পরে দুংখ পার।
সবার উচিত বুঝে চলা এবিধার।
আয়ের অধিক ব্যয় করে যেইজন।
অবশ্য হইবে নিস্ব জানিবে সেজন।

উচিতচাঁদ পাল একলা মারের এক ছেলে, আবদারে বাবু বলে বিখ্যাত ছিলেন। আবদারে বাবুর কলিকাতার টিঃ স্থলে নিবাস, উপাধি (বি, টি,) В Т; গুরুমারা বিদ্যা হতেই সরস্বতিকে কার্থত লিখে দিলেন। একটু মাথা ঝাড়া না দিতে দিতেই এঁচোড়ে পেকে ইয়ার হয়ে পোড়লেন, ক্রমেন্থ ছুটা দশটী বাপে তাড়ান, মায়ে থেদান, এডীক্যাম্প এসে জুটলো। প্রথমতঃ একটা ক্লব স্থাপিত হোলো, তার পর সমাজ, সমাজের পত্রিকা হতেই আর বিয়ারিং পোষ্টে চোললোনা, টাকার দরকার হোলো।

জাবদারে বাবু নাবালক, পিতৃহিন, হাতে বিষয় পড়েনি, মরণ বাঁচণ এক্জিকিউটারের হাতে, টাকার জন্য সহজেই মায়ের উপর ভারি তম্বি আরম্ভ কোল্লেন—আজ দশটাকা—কাল কুড়িটাকা দাও, এম্নি হতেহতেই টাকা ও আব-দার ছুই বেড়ে উটলো—আজ আমাকে ২০০ টাকা না দিলে গলায় ছুরিদিয়ে মোরবো। মায়ের প্রাণ! কেমন করে সইবে ? মেয়ে মানুষের যে বিদ্যা থাকলে অতিশয় বুদ্ধিমতী হয়, তা তাঁর ছিল; কিন্তু আবদারে ছেলে আবদার কোল্লে আর ততটা বিবেচনা কোত্তেন না, সহজেই টাকা বার কোরে দিতেন। ক্রমে ক্রমে আব-দার বেড়ে উটলো, কোন দিন ভোঁতা জাঁতি খান! নিয়েই বজ্জাতি কোরে বলে "গলায় দিলেম"। প্রতি দিনেই এক একটা ভূতন কূতন আবদার বেরুতে লাগলো। সেই সময়ে আবার অভিনয়ের আমোদ বেড়ে উট্লো, কতকগুলো বায়ুত্তরে গোচ ছেলে এসে জুটলো, নাটক না হতে হতেই সূত্রমুখে চরস সূত্রধর रात्र (मथा मिरलन, छुमिन ठामिन পরে তাহা

ভাল বিবেচনা না হতে, গাঁজাকে তৎপদে নিয়োগ কোলেন। ফলে চরসকেও চটালেন ना ? छूरेरे टालट लागटना । आवमादत वावू চরদের নাম রাবণ আর গাঁজার নাম রাম রাখলেন। যখন যে বিষয়ের ইচ্ছে হোতো, রামকে কি রাবণ কে ডাক ৰোল্লে অমনি এভিক্যাম্প বাবুরা চরস কি গাঁজ। সে**জে** ভয়েরি কোরো। শেষে রঙ্গ ভূমিতে সুরা ৰূপ। নটা দেখা দিলেন, তাঁর ভাব ভঞ্চিতে আবদারে বাবু মোহিত হোরে গেলেন। স্করার অভিনয়ে কত আমির ওমরা, রাজা রাজড়ার मका निर्दर्भ श्राटा । जावमारत वावूत उथन রিক্ত হস্ত, মার কাছ থেকে আবদার কোরে যা নিতেন,তাতে আর আমোদের চূড়ান্ত হোতোনা। প্রথমতঃ আমাদের ইহুদি আতরওয়ালাকে ফোর্টী এইট পারশেন্টে হ্যাগুনোট লিখে দিয়ে টাকা ধার কোরে রকমারি নিয়ে আমোদ কোত্তে আরম্ভ কোলেন। সেই সময়ে আবদারে বাবুর দলটা খুব, বেড়ে উট্লো। যেখানে विशातिश्रातिश्राति मन हत्न, अत्नर्के भारति श्रुता

দিয়ে বাবুর অনুগত ২য়ে থাকে। দিনং যত রকম রকম লোক যুট্চে, আবদারে বাবুর ও দিকে থরচ ও তত বেড়ে উট্চে। বড় মানুষের ट्हाल त्वांत्व मत्न वक्षे थूव माहम हिल, যে বয়েস প্রাপ্ত হলেই বিষয় পাবেন। শতকরা কুড়ীটাকা, তিরিশটাকা, চল্লিশটাকা, হতে হতে হন্দ্রেড পারশেউ--এমনি কোরে স্কুদ লিখে টাকা ধার কোরে আমোদ কোত্তে লাগলেন, মধ্যে২ ত্ব একদিন ছট্কে বেরিয়ে পোড়ে অবিদ্যাদেরও অ,নতে লাগলেন। আমোদের সীমা ছিল না। ক্রমে বাবু এমনি তৈয়ারি হরে উট্লেন যে যার বাড়িতে যেতেন, তার বাস্তর মাথা কেঁপে উট্তো আর থর হরি কম্প লাগিয়ে দিতেন। এক দিন আবদারে বাবু কোন লোকের বাড়ীতে এদে এমনি বেলুকোমো আরম্ভ কোরেছিলেন, যে বাড়ী সুদ্ধ লোক তিতিব্রক্ত হয়ে গ্যালো, আর সে কিছুতে না পেরে; রাগে, ছুংখে, আর কথায় বলে "বোবার শত্রু নাই" বিবেচনা কোরে মান .কোরে বোস্লো। বাবুর তো কোন বিবয়ে কমী ছিল না, অমনি চুড়ো ধড়া পরে রুষ্ণ সেজে " অপরাধ ক্ষমা কর শ্রীমতি রাবে" " রাধে ধৈর্যাং" 'প্যারি ধৈর্যাং" বোলে বদন অধিকানরির ক্ষথাতা যুড়ে দিলেন। কোন দিন কোথাও রাম্যাত্রার হনুমান সেজেই নৃত্য কোচেন। তবে গুণের মধ্যে এই, একটু ওর মধ্যে মুকোচুরি ছিল।

কিছু দিন পরেই হ্যাপ্তনোট গুলির ডিউ ক্রমে২ ওভার হয়ে এলো। কেহ চিটার দ্বারা, কেহ উকালের দ্বারা তাগাদা কোচেঃ বাবুর দে সময়টা আজও যেমন কালও ভেমন, প্রথমতঃ কাহার নিকট চিত হস্ত না করিলে আর উপড় হাত করবার ক্ষমতা ছিলন।। আব-দারে বাবু কাকেও হ্যাণ্ডনোট রিনিউ কোরে থামালেন, কারেও ঘাঁটা ছাঁটা করিয়ে ভাঁড়াতে লাগ্লেন। দিন কতক পরেই নিমন্ত্রণের পত্র বেরুলো, কাহার এক্শপার্টি ডিক্রী হোলো কাহারো কেস আবদারে বাবু ডিফেও কোলেন, কলে ডিক্রী হোলো। গা ছোঁবার ন্যাপার হতেই, মায়ের কাছে গিয়ে কেঁদে বোলেন। 'মা! আমি কি লাল কজিকাট গুণুবো সেই

হোলেই কি ভাল হয় ? " আবদারে বাবুর মা এক্জিকিউটর কে বোলে কটা বিষয় থামিয়ে **मिर्टा । उथन এक ज़क्य तुक (वँरम भगराना,** আর পুর্কাবধিই বোলে আসা হোচে, যে বড় মানুষের ছেলে, বাপের বিষয় থাকুতে কে আর শ্রীঘরে যায় ১ মাঝে মাঝে প্রায় টাকা ধার কোরে এক একবার ঐ রক্ষে পরিশোধ করেন। কিছু দিন পরেই বয়েস প্রাপ্ত হোলো। বাপের বিষয় পেতে আর ধুমধামের পরিসীমা ছিল না। যথন যা মনে আমে তাই করেন। কথন **८**शा हिटल त थाना जानित्य जारमान जास्लान কচ্চেন, কখন তেলেভাজা ফুলার বেগ্নির সহ वक्रमावि नित्य देशाविक पिट्छन। जाज माग-পেন ঢালোয়া—কাল ব্রাণ্ডির মোচ্ছব—পর্ত शौठ तदम यन मिरम शक्ष करळन। वाँनि रनमा ना হলে কখন বা মদের দঙ্গে, লডেন্স্, ও মর্ফিয়া মিশাচ্চেন। পাঁচ ইয়ারির দল হলেই পাঁচ রকম লোক এসে যোটে। কোথাও ভটচাজ্জির টিকি কেটে সন্দেশের সঙ্গে ফ্যান্সি বিষকুট দিয়ে খাওয়াচ্চেন। কোখায় কাহাকে ডাবের

জলে এমিটিক দিয়ে খাওয়াচ্চেন। কোথায় কেহ নেশায় অচেতন হয়ে পোড়ে আছে। কোথায় কেহ হাত পা আছড়াচে; কোথাও কেহ গড়াগড়ি দিচে, কোথাও কেহ বমি কোচে, কোথাও কেহ ছুটো হাত তুলে ইং-রাজী লেকচার দিচে, কোথাও কেহ বাঙ্গালায় বক্তৃতা কোচ্চে। আবদারে বাবুর চকড়বা ও আমোদ আহলাদের পরিসীমা ছিল না! কথন কেহ ছাতারে নাচ নাচে, কথন কেহ হাড়ি-চাঁচা হোচে, কথন কেহ কালামুখো পঁর্যাচা হয়ে বসেচে, আবার কখন ব্রাক্ষ হয়ে সকলধর্মে জলা-ঞ্জলি দিচ্চেন, কথন বা দোল ছুগোৎসবে আমোদ আহলাদ কোচ্চেন। কথন বা সত্যবতীর সুত হয়ে বোস্চেন। কোন বিষয়ের কমী ছিল না, करमत मर्था किवन वृत्य हरान नि। वृत्य না চলা যে কত মজা তা যারা ঠেকে শিথেচেন, তারাই ভাল বোলতে পারেন ? তবে যে ঠেকেও শিখে মা, তাকে আর কি বোলবো? দ্বিপদ বিশিষ্ট নরপশু ভিন্ন আর কি বোল্তে পারা যায় ? আবদারে বাবুর আজ বড়দিন-কাল কালীঘাট, পরশু বাগান, এম্নি প্রতিদিদ একটা না একটা কাণ্ড আছেই আছে? জনবরত আমের অতিরিক্ত ব্যয় আরম্ভ কোত্তেই বাস্ত পুরুষের টনক নোড়ে উট্লো, কমলা কাঁপ্তে लाগ्रलन, हिरें उसी वसू वासविमर्गत रुपय विमीर्ग হোতে লাগ্লো, প্রিয়বাদিনী বণীতার পরি-তাপের পরিদীমা ছিল না, জননী যেন মৃত্যু শয্যায় পোড়লেন। কলসির জল অতি অপ্প পরিমাণে খরচ কোল্লেই খ্ন্য হয়, আবদারে বাবুর 'ক্রমেণ ভিতর ভোয়া হতে লাগ্লো। পুনর্কার হ্যাণ্ডনোট লিখ্তে আরম্ভ কোলেন, সে সময়ে ধারে হাতিটে পেলেও কিনে বসেন। শেষে আজ তালুক খানা, কাল ভাল বাড়িখানা পরশু ভদ্রাসন ও বাগান, এমনি কোরে ক্ষয় রোগের ন্যায় দিন> হাস হোতে লাগ্লো। শেষে আপনি একটা কলির কাপের মতন মুরদ হলেন। নির্বিষ সাপের কুলোপারা চক্রের ন্যায় क्वित काँवकाँवानिष्ठे तहेला। शृथिवीरा কত রকম লোক আছে তা বোল্তে পারিনে। नक्तम भट्यान्टात्रत गटनाभट्या क्राट्यत मीमा

ছিল না। কতক গুলো লোক আহলাদে নেচে উট্লো। আবদারে বাবু সর্বস্বান্ত হয়েও ঋণ হইতে মুক্ত হইতে পারেননি। তথনও কতক-গুলো ওয়ারেন্টের ভয় ছিল। সহজেই গা ঢাকা দিয়ে দিনকতক লুকিয়ে রইলেন। তবে শকের প্রাণ, হাজার তুঃথ হলেও মনঃমধ্যে রাত্রে পঁটার মতন এক একবার বেরুতেন। आरमामंग्री थारक। मित्नत विना काछेरत বাস কোত্তেন। আবদারে বাবু মদখেয়ে পক্ষী-দলের সহিত কৌতুকামোদ কোরে গ্রাতারে, হাড়িচাঁচা, প্যাচা প্রভৃতি সাজতেন, কিন্তু সে সময়ে প্রকৃত পঁয়াচা হয়ে পোড়লেন। লোকে কথায় বলে, " মড়ার উপর খাড়ার ঘাঁ" পুর্কেই বলা গিয়াছে যে, লোক কত রকমেরই আছে। আর টাকার শোক বড় সহজ কথা নহে। এ কথায় আমার একটা গণ্প মনে পোড়ে গ্যালো, তাহাও এই স্থলে পাঠক মহোদয়দের বোলে যাই। "লক্ষেশ্বর পুরে ডক্ষেশ্বর ক্রোড়ফকা নামে এক ত্রাহ্মণের লক্ষ টাকার বিষয় ছিল, পাত্ন পুলের পরলোকে ব্রাহ্মণ টাকার জন্য দিকি সুর্থ

সচ্ছন্দে কালাতিপাত করিত, অধিক কি বলিব সেই দেশে লক্ষহীরা নামে একটা অবিদ্যা বাস কোন্তো, তাহার বার্টার সম্মুখে এক স্থলে ক্ষাণিক টে জল দাঁড়াত, যাবদীয় লোকে তাহাতে নাবিয়া গমন করিত, ব্রাহ্মণ টাকার হুপে তাহা লক্ষ দিয়া থাইত। সেই সময়ে অপর এক দেশে এক ব্যক্তি দস্মার্ত্তি করিয়া বিপুল বিভব সঞ্চয় করিয়াছিল, কিন্তু লোকালয়ে তাহার তুর্ণামের পরিসীমা ছিল না। দস্যু মনে২ করিল যথন বিপুল বিষয়ের অধিপতি হইয়াছি, তবে এ দস্তা রুত্তিতে আর কি প্রয়োজন আছে? যাহাতে লোকালয়ে মান সন্ত্য হয় এমত করি; কিন্তু এদেশ হইতে গমন না করিলে এ তুর্নাম হইতে পরিত্রাণ পাইব না। এমত বিবেচনা করিয়া দম্যু ঐ লক্ষেশ্রপুরে সন্মাসির বেশে আদিয়া বাস করিল। তাহার সচ্চরিত্র ও ব্রহ্ম নিষ্ঠায় যাবদীয় লোকে অত্যন্ত প্রিয় হইল। সেই সময়ে ঐ ব্রাহ্মণ তীর্থ পর্য্যটনে মানস করিয়া ভূপতিকে শোষক জ্ঞানে ও অপর লোকেদের অবিশ্বাসি ভাবিয়া আপনার বিষয়াদি একটা দিন্ধুকের মধ্যে পুরিয়া ঐ সন্ন্যাসির নিকট রাখিয়া তীর্থ পর্য্যটনে গমন করিল। সন্ন্যাসি চিরকাল দস্কারন্তি করিয়া আসিয়াছে, সহজে তাহার সে স্বভাব তোপরি-বৰ্ত্তন হইতে পারে না? অপর একটা সেইৰূপ সিন্দুক প্রস্তুত করিয়া তন্মধ্যে কতক গুলো আগোড়ম্ বাগোড়ম্ পুরে সেই স্থলে রাখিয়া ব্রান্সণের সিন্তুকটা আপনার ধন সামিল করিয়া বাজেয়াপ্ত করিল। কিয়দ্দিবস পরে ব্রাহ্মণ তীর্থ হ-ইতে প্রত্যাগমন করিয়া সন্মাসির স্থাপিত সিন্তু-কটি বাটীতে আনিয়া খুলিয়া দেখিল, যৈ যথো-চিত বিশ্বাস ঘাতকতা হইয়াছে। লিখিত পঠিত কিছুই নাই, ধনশোকে ব্রাহ্মণ দিন২ জীণ শীর্ণ হইয়া পড়িল। একদিন সেই লক্ষহীরার বাটীর সন্মুখের খানাটা পার হইবার কথা আর কি বলিব, লক্ষ দেওয়া দূরে থাকুক, সেই টুকু চলিয়া যাইতেও ব্রাহ্মণের যথোচিত কফ হইল। সেই সময়ে লক্ষহীরা আপন কিন্ধরীর সহিত ছাদে বসিয়া ছিল, ত্রাহ্মণের অবস্থা দেখিয়া দাসীর দ্বারা ত,হাকে ডাকাইয়া সমস্ত তদন্ত জানিয়া কহিল; আমি তোমার টাকা দেওয়াইয়া দিব ট

তৎপরে ত্রাহ্মণকে সঙ্গে কোরে লয়ে একটু দূরে সন্ন্যাসির নজরে দাঁড় করিয়ে দিয়ে কহিল, মহা-শয় ৷ আমার নাম লক্ষহীরা, আমি বিপুল বিষয় সঞ্চয় করিয়াছি, আমার এক সহোদর ভাই ব্যতীত আর কেহই নাই। সে কএক মাস হইল নিরুদ্দেশ হয়ে গ্যাচে, আমি মনে কোরেচি তার অন্নেষণ কোরে আনবো, কিন্তু আমার বিষয়াদি মহাশয়ের নিকটে রাখিতেই বিশ্বাস হয় যেহেতু আপনার ধনম্পুহা নাই। সন্ন্যাসির তখন পুর্ব্ববৎ মন হয়েচে, মনে মনে ভারি আনন্দ হইল। তৎপরে সম্মুখে ব্রাহ্মণকে দেখিয়া মনে মনে করিল এতে৷ এখনি আমার স্বভাব প্রকাশ কোরে ফেলবে, উহার সামান্য লক্ষ টাকা লয়েচি বৈতো না? লক্ষ্মীরার কত ক্রোর ক্রোর টাকার বিষয়! এই প্রকার চিন্তা করিয়া তৎক্ষণাং ব্রাহ্মণকে ডাকিয়া কহিল, ঠাকুর! ভুমি যে ভোমার বিষয়াদি আমার निकटि दत्रथं भगात जात नित्र याखना (कन ? এই বলিয়া ব্রাহ্মণকে তাহার সেই সিন্তুক দিতে, ব্রাহ্মণ তাহা মাথায় কোরে নৃত্য কোন্তে

লাগলো। লক্ষহীরা সন্ন্যাসিকে কহিল, মহাশয়!
এই ব্রাহ্মণ যে আমার ভাই? তবে আর মহাশয়ের নিকট টাকা রাথিবার কোন প্রয়োজন
নাই? এই বলিয়া লক্ষহীরাও নৃত্য করিতে
লাগিল। এই দেখে লক্ষহীরার দাসীও নেচে
উট্লো। সন্ন্যাসিও দেখে২ নৃত্য যুড়ে দিল। সেই
সময়ে লক্ষহীরার দাসী কহিল।

হীরা নাচিতেছে কোরে পর উপকার। ব্রাহ্মণ নাচিছে পেয়ে হারাধন তার।। রঙ্গ দেখে আনি দাসী নাচিতেছি তাই। সন্ত্রাসি গোঁসাই তুনি কেন নাচ ভাই।!

সন্মাসি কহিল।—

কি কব সে কথা আর মা: শুণ্ড ছাই। বেটা কি আক্রেল দিলে বলিহারি যাই।।

এই গল্প টাতে মেয়ে মানুষের চেয়ে আর কাহারো বুদ্ধি নাই; অসচ্চরিত্র লোকের স্বভাব
শিণিগর সোদরায় না; আর ধন শোকের
চেয়ে লোকের কোন শোক নাই; এই উপদেশ
পাওয়া যায়।

আমাদের আবদারে বাবু গা ঢাকা দিতে. (আর সে সময়ে তাঁর তা ভিন্ন আর কোন উপায়

ছিল না) পাওনাদারেরা টাকার শোকে ছট্ফট্ কোরে বেড়াতে লাগলো। টাকার যে কেমন শোক তা অনেকেই জানেন। অনর্থক একটা টাকা গেলে লক্ষপতিরও কিঞ্চিৎ তুঃথ হয়। লোক আবদারে বাবুকে রাশি২ টাকা ঢেলে দিয়েচে, কিন্তু এখন কি যে কোরবে তা আর ভেবে কিছু স্থির কোত্তে পাচ্চে না। কতদিকে কত গোয়েন্দা বেড়াচে, উকিলের বাড়ী ক্রেডি-টর্দের কমিটা হোচে, কৌ শুলির ওপিনিয়ন্ নিচে, কিন্তু ছেলে ভারি পাকা, গা ঢাকা যা **मिरिहाइल, जा उथन किर्डे शास्त्र हो** पिर्ड পারেনি। রান্তির দশটার পর কি রবিবারে আর ওয়ারেন্টের ভয় থাকে না, সেই সময়ে দিক্তি আ-মোদ অञ्লाদ কোরে আহলাদে গোপাল হইয়া বেড়াতেন। দিনকতক পরেই সেটা একটু ঢাকা পোড়তে আবার মুখনেড়ে বেড়াতে লাগলেন। স্বভাবের বিন্তুমাত্র পরিবর্ত্তন হয় নাই, মনে২ मिंहे नकलई हिल, उत्व अमिक नाई वरलई ্যা বলুন। মুখের আক্ষালনটা আরো বেড়েছিল, যে কখন জাবদারে বাবুর বাড়ী মাড়ায় নি, তাঁর

হাত তোলার বিষয়ে মহাপাতক বিবেচনা কোত্তো, এমন লোককেও ভিখারি ও ভাঁর অনু-গত বোলে আক্ষালন কোত্তেন। এক দিন কোথা থেকে তিন জন লোকে বিবাহের পত্র হওয়াতে আবদারে বাবুর বাড়ীতে তত্ত্ব এনেচে, বাবু আক্ষালন কোরে তিন জনকে তিনটে টাকা দিতে বোল্লেন। তথন আর তো সেকাল ছিল না, চাকর ব্যাটা স্থটি খুঁজে শেষ কতকষ্টে ছয় আনা প্রসা এক দোকান থেকে হাওলাত করে ्रिनरत्र विमात्र कारत्रिष्टल এই अविध रत्रिल। আবদালে বাবুর অভান্য বিষয় যাহা বাকি রহিল, তাহা দ্বিতীর খণ্ডে প্রকাশ হইবে।

পাঠক মহাশয়রা! আবদারে নাবুর বিষয়ে আমরা কাহাকেও লক্ষ করি নাই। এই বান্কে
ছেলের গম্প ছলে, বুঝে চলার উপদেশ দিলাম;
এবং তাহা সফল হইলে আমরা কুতার্থ হইব।
ইহা পাঠ করিলে বোধ করি এক্ষণে অনেকেই
বুঝে চোলবেন; বুঝে চলাপেক্ষা আর কিছুই
নাই। এ বিষয়ে আমাদের তাহাই উদ্দেশ্য।

দাদশ অধ্যায়।

-:#:--

"° । गत्त देवक्षव"

মারাবশে মন তুমি দেখিচ অপন।

তিনি ভিন্ন এ ভুবনে অন্য কে আপন।।

অনিত্য সংসারে যিনি নিত্যময় ধন।

'সবার উচিত করা তাহারি সেবন।।

সন্ন্যাসি কলু কিয়দিবস পরে শিক্ষে ফুঁকলেন,
পোঠক মহাশ্যরা এই বেলা একটু হ হেসে নিন্
এর পর যত শেষ তত ক্লেশ) রাখালী বাপের
সমস্ত বিষয়াদি পাইল, (চাটে ঘানি গাছ,
ছুখানা খোলার বাড়ী, চার পাঁচশো টাকার
সোণারপার গহন! আর এল বাক পোষাক) সে
সময়ে ক্ষেত্রনাথের ছুর্দ্দশার সীমা ছিল না,
কোন দিন ঠাকুর বাড়ীর প্রসাদ, কোন দিন
কোষাও অতিথী হয়ে, কোন দিন আলাপী
লোকের বাটীতে গিয়ে পেট টেলে আস্তেন,

পরনের কাপড় চেয়ে চিন্তে কোনমতে লজ্জা নিবারণ কোত্তো। বণিতার বিষয় পাবার কথা শুনিয়া মনে করিল, এ সময়ে তথায় গিয়ে থাকিলে আর আমাকে কন্ট ভোগ করিতে হবে না, আর তাহাকে বিবাহ করিয়াছি, কাত যেতে স্থার বাকি কি আছে? জাত গেল পেট না ভরাই কেন ? তবে একাল পর্য্যন্ত তাহার সহিত যে ব্যবহার কোরে এসেচি, ভাহাতে যেতেও শঙ্কা হোচে, মুখ দেখাবার তো পথ রাখিনে ? তবে সে একটু লেখাপড়া জানে, আর শুন্চি সচ্চরিত্রে আছে; পতিকে কোনমতেই পরি-ত্যাগ কোন্তে পারবে না? ক্ষেত্রনাথ এই ৰূপ বিস্তর চিন্তা করিয়া একবার এগিয়ে একবার পে-চিয়ে, শেষে রাখালির বাটীতে গিয়ে উপস্থিত হইলেন। রাথালী ক্ষেত্রনাথকে যা সেই বিবা-হের রাত্রে দেখেছিল, তার পর পতি কেমন এ আর সে জান্তো না। কিন্তু পতিব্রতাদের যে সকল লক্ষণ রাখালিতে সে সমুদায়ই ছিল, পিতার বিষয়াদি পাইয়া পতি অভাবে ক্ষণ কা-লের জন্যেও তাহার মনে সুথ ছিল না, সর্বাদাই

বিরস ভাবাপুরা থাকিত, ও বিফল জীবন ব-লিয়া অমুতাপ করিত। রাখালী ক্ষেত্রনাথকে চিনিতে না পারিয়া কহিল, "কে গা বাবাঠাকুর" আপনি ভদ্র সন্তান দেখচি, আমার বাড়ির ভিতর আসা আপনার কোন ক্রমেই উচিত হয় নি ? ক্ষেত্রনাথ হস্ত যোড় ক্রিয়া কহিল, "আমি তোমার ঐ চরণের গোলাম আমাকে কি এখনো চিত্তে পার নাই"? যাহোক প্রিয়ে! আমাকে ক্ষমা কর, আমি তে:মার নিকট বিস্তর অপ-রাধ কোরেচি, আমার নাম "ক্ষেত্রনাথ"। রা-থালী লজ্জায় নম্র মুখে আভ্নয়নে ক্ষেত্রনাথকে দেখিরা মনে করিল আমার "তিনিই বটে"। কিন্তু প্রথমতঃ কোন কথা না কহিয়া ক্ষণেক নী-রব হইয়া রহিল। ক্ষেত্রনাথ অপরাধ মার্চ্জনার জন্য বিস্তর বিনয় করিয়া, পায়ে ধরিতে উদ্যত इहेल। त्रादाली कहिल, आश्रीन करतन कि ? জীবদশায় তো যথোচিত ত্বঃথ দিলেন, আবার পরকালের বিপদ কচ্চেন কেন? রমণির পতিই खङ्ग, खौरलाक पिरात अरक यात्र, यक्र, खाति य িকিছু বল; এক পতি সেবার কাছে কিছুই

নয়। প্রাণনাথ! আমি এমন হতভাগিনী, এমন জন্মও আমার হয়েছিল; বুঝি বিধাতা এ গুলি সব সুকোচুরি করেছিল। সে যাহা হউক এখন যে তোমায় পাইলাম আমার সেই ভালো-তেই ভালো। ছেলেবেলা শিব পূজা করেছি-লাম যেন মনের মত পতি পাই, আর মনের সাধে সেবা করি, সে আশা বুঝি এতদিনের পরে সফল হোলো। প্রাণনাথ! এখনতো প্রাণ থাক্তে আর তোমায় ছেড়ে দিব না! তোমায় কিছু করিতে হইবে না। আমার যাহা কিছু আছে ধন, মন, প্রাণ, সব তোমাকে উপহার দিলাম, ভুমি পরম সুখে ভোগ করহ। ক্ষেত্রনাথের চতুর্দ্ধিকে অফরন্তা ফলাতে তথাস্ক বলিয়া পরম সুখে রাখালির সহিত কাল্যাপন করিতে লাগিল।

ব্রজ, পঞ্চানন, রাম বশাখ, চুড়ামণি ও অন্যান্য সকলে পুঁজিপাটা না থাকাতে বেলেঘাটার দা-লালি করিতে লাগিল।

পামর বাবুর পুরাণ জ্বর হওয়াতে, ডাক্তর ধর্মদাস বস্থু বাবু প্রাণপণে বিস্তর চিকিৎসা করিলেন; কিন্তু কিছুতেই কোন উপকার হইল

না , পীড়া দিনহ হদ্ধি হইতে লাগিল। গদাধর ও তাঁহার স্ত্রী পুরেরা সর্ব্বদাই তাহার নিকটে বসিয়া সেবা শুক্রনা করিত। রোগী এত যে ক্লেশভোগ করিতে'হল কিন্তু ডাক্তরে জবাব দেওয়াতে; ভাঁহার স্ত্রীকে বলিলেন। প্রিয়ে! বুঝি এতদিনের পর তোমাতে আমাতে ছাড়া-ছাজি হোতে হলো। মনে করোনা যে আর দেখা হবে না, লোকান্তরে পুনরায় উভয়ে মিলন হবে। আমার কিছু মাত্র ক্লেশ কি যন্ত্রণা নাই, রোগকে আর রোগ বলেও গ্রাম্ম করি না। দেখ প্রিয়ে! ঐ পশ্চিমদিকে সূর্য্য অস্ত যাইতেছে কিবা নভোমগুলে দিনকরের রক্তিম শোভা হইয়াছে—গঙ্গায় বা কি মনেহের ছায়া পড়িয়াছে। প্রিয়ে ! তুমিতো এ সকলি দেখতে পাচ্ছ,কিন্তু ঐ নবীন জটাধারী মহাপুরুষ আমায় ডাব্ছেন তাহা কি দেখিতে পাও? বায়ু মন্দৰ বহি-তেছে—কোকিল কিবা মধুর স্বরে কুহু২ ধ্বনি করিতেছে—আর পৃথিবীর কি শোভা হইয়াছে! ্সাজ আমার মন প্রকুল্লিত ও উদাস হইয়াছে। সেই প্রভু দরাময় আমার হৃদয়ে বসিয়া অভয়

औলান করিতেছেন, বুঝি এতদিনের পর সকল ালা ও পৃথিবীর সুখ ছঃখ শেষ হইল। এখন েনিই পরম পিতা যদি আমায় ক্রোড়ে লন, তবে ্রামার সকল আশা সংপূরণ হইবে। প্রিয়ে! সাদের সুখ তুঃখের কর্ত্তা সেই দিননাথ ; আর র্মিন যাহা করেন,তাহা আমাদের মঙ্গলের জন্য। সংসারে কেই কারো নয়—আর কিছুই সঙ্গে 👣 মা—ভাই বন্ধু স্ত্রী পুজ্র সমুদ্রের ঢেউর দনার মত-প্রিয়ে! এ সংসারে সকলি অসার –কেবল সার দেই প্রমার্থ ধন। মনে করোনা য় আমার আব ক্লেশ হবে—আমি অনিত্য চজিয়া নিত্য সুথের সুখী হইব—তবে সম্প্রতি কছু দিবদের জন্য আমরা দেহেতে বিভিন্ন ইব—কিন্তু আমার আআ তোমার নিকট সতত †কিবে। গীত। এখন—

"ভাব সেই একে। জলে স্থলে শ্ন্যে যে নান ভাবে থাকে। যে রচিল এ সংসার, আদি বার, সে জানে সকল কেহ নাহি তাঁকে"। পত্নী এই সকল কথা প্রবন স্বামীর গলদেশে হাতদিয়া, অত্যন্ত রোদন

कतिरा लाशितन। यामी विलासन र সামি ধর্মাভাবে তোমার অযোগ্য, কিন্তু ে ভাবে তোমাতে সর্বাদা সংযুক্ত, আমার দ আধ্যাত্মিক ভাবের উদ্দীপন হইতেছে, ও তে কে ঐভাবে দৃষ্টি করিতেছি। আমি তো শরীর দৃষ্টি করিতেছি না, কিন্তু তোমার ত দেখিতেছি। এই মাত্র মনে রাখিও, যে পার্থিব তাহা ক্ষয়শীল, যাহা আধ্যাত্মিক, ব চিরস্থায়। পার্থিব স্থুখ, সুখ নহে—ভাধ্যা সুথই সুথ। যে পর্যান্ত সকল পার্থিব ' আধ্যাত্মিক ভাবে বিলীন না হয়, সে প সুধের ভাব আত্মাতে উদয় হয় না। সুথের আভাস আমার আআতে প্রেরিত তেছে, ও ঐ সুথ বাক্যের দ্বারা বর্ণনাতী যদি মনুষ্য সেই সুখ পাইবার ইচ্ছা ক তবে সকল বাহ্ বস্তু ও বাহ্ কাৰ্য্য আ অধীন করিয়া, আত্মার শীতলতা প্রাপ্ত হ পারে। তুমি যে মনে করিতেছ যে আফুনার উপস্থিত—তাহা মনে করিওনা। পর*্বে* মুশ্বর , মৃত্যু মৃত্যু নয়, মৃত্যুতে কেবল পানী ক্ৰিব ভ